দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শনিবার ॥ ০৭ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৯ শাবান ১৪৪৭ ॥ ২৪ মাঘ ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৬৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা




## হাদি হত্যার তদন্ত চেয়ে ৮ ফেব্রুয়ারি জাতিসংঘে চিঠি পাঠাবে অন্তর্বর্তী সরকার

**কীর্তনখোলা ডেস্ক**
রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনার সামনে অবস্থান নেওয়া ইনকিলাব মঞ্চকে ছত্রভঙ্গ করতে কোনো ধরনের আগ্নেয়াস্ত্র ২ এর পাতায় দেখুন



## বিএনপির নির্বাচনি ইশতেহারে ফ্যামিলি কার্ডসহ ৯ প্রধান প্রতিশ্রুতি

**কীর্তনখোলা ডেস্ক**
আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ইশতেহার ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। ২ এর পাতায় দেখুন

## লুট হওয়া অস্ত্র নিরাপত্তার জন্য হুমকি মনে করি না: ইসি মাছউদ

**কীর্তনখোলা ডেস্ক**
জুলাই গণঅভ্যুত্থানের সময় বিভিন্ন থানা থেকে লুট হওয়া অস্ত্র প্রসঙ্গে নির্বাচন কমিশনার (ইসি) আব্দুর রহমানেল মাছউদ ২ এর পাতায় দেখুন

## সাত দিনে সেনাবাহিনীর অভিযানে ৫১টি অবৈধ অস্ত্রসহ গ্রেফতার ৩৬৮

**কীর্তনখোলা ডেস্ক**
গত সাত দিনে সারা দেশে সেনাবাহিনীর যৌথ অভিযানে ৩৬৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ সময় গ্রেপ্তারদের ২ এর পাতায় দেখুন







# দল সামলাতে না পারলে দেশ চালাবে কীভাবে-মেহেন্দিগঞ্জে ডা: শফিক

**একরামুল একরাম ও সাইফুল্লাহ সাইফ**
বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, গত ৫৪ বছরে যাদের যত বেশি বঞ্চিত করা হয়েছে, আমাদের উন্নয়ন সেখান থেকেই শুরু হবে। আমরা কোনো দল কিংবা কোনো পরিবারের বিজয় চাই না, আমরা চাই ১৮ কোটি মানুষের বিজয়। তিনি বলেন, যারা নিজেদের দল সামলাতে পারেননা তারা দেশ চালাবে কিভাবে? ৫ আগস্টের পর তারা নীরিহ মানুষদের মামলা দিয়ে খাজনাপাতি তুলেছে। মানুষ তাদের প্রতি অতিষ্ঠ। গতকাল শুক্রবার সকাল ১০টায় বরিশালের মেহেন্দিগঞ্জ সরকারি আরসি কলেজ মাঠে জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। ডা. শফিকুর রহমান বলেন, পাকিস্তানের বৈষম্য আচরণের কারনে মুক্তিযুদ্ধের সূত্রপাত, এর মাধ্যমে আমরা পেয়েছি বাংলাদেশ। কিন্তু পৌনে চার বছর আবার শোষন নৈরাজ্য করলো আওয়ামী লীগ। এরপর বার বার ক্ষমতার হাত বদল হলেও জাতির ভাগ্যের পরিবর্তন আসেনি। তিনি আরো বলেন, ২৮ লাখ কোটি টাকা লুটপাট করে পাচার করা হয়েছে। এই টাকা ফিরিয়ে আনতে হলে যারা লুটপাটের সঙ্গে জড়িত নয়, তাদেরই রাষ্ট্রক্ষমতায় আনতে হবে। যারা লুট করেছে, তারা কখনো এই টাকা ফিরিয়ে আনতে পারবে না। জামায়াত আমির আরও বলেন, জীবন দিতে রাজি আছি, কিন্তু কোনো মায়ের ইজ্জত দিতে রাজি নই। কেউ কেউ আমার নামে মিথ্যাচার করেছে, ষড়যন্ত্র করেছে-কিন্তু সত্য কখনো চাপা থাকে না। আমরা এই দেশে মা-বোনদের নিরাপত্তা নিশ্চিত করবো। চাঁদাবাজি কোনোভাবেই বরদাশত করা হবে না, চাঁদাবাজদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে তিনি অভিযোগ করে বলেন, একটি সময় আমাদের সংগঠন নিষিদ্ধ করা হয়েছে, নিবন্ধন বাতিল করা হয়েছে, হাজার হাজার নেতাকর্মীকে আটক করা হয়েছে, ঘরবাড়ি জ্বালিয়ে দেওয়া হয়েছে, চাকরিচ্যুত করা হয়েছে। তারপরও আমরা জনগণের পাশে থেকেছি। আমাদের হাতে অঢেল সম্পদ ছিল না, কিন্তু ঝড়-জলোচ্ছ্বাসে মানুষের পাশে দাঁড়িয়েছি। ৫ আগস্টের পর আমরা কোনো প্রতিশোধ নেইনি, কোনো মামলা করিনি, কোনো চাঁদাবাজি করিনিড়বরং মানুষের সম্পদের পাহারাদার হিসেবে কাজ করেছি বলে মন্তব্য করেন ডা. শফিকুর রহমান তিনি বলেন, এদেশে সবচেয়ে বড় মজলুম দল জামায়াত। বিচারিক হত্যাকান্ড সহ নানা নিপিড়ন হয়েছে। তবুও জনগণের স্বার্থে কথা বলা বন্ধ করিনি। জুলাই বিপ্লবের পরিবর্তনের পর আমরা কোন নির্দোষ নীরিহ মানুষকে হয়রানী করিনি। কিন্তু একটি বড় দলের লোক মামলা বানিজ্য, চাঁদাবাজি ও দখলবাজিতে লিপ্ত হয়ে পড়ে। মানুষকে অতিষ্ঠ করে তুলেছে। জুলাই বিপ্লবের মূল চেতনা প্রতিষ্ঠায় ১১ দলীয় জোট বদ্ধ পরিকর। দুর্নীতির মূলোৎপাটন করবো। আল্লাহ যদি আমাদেরকে দেশ পরিচালনার দায়িত্ব গ্রহণের সুযোগ দেয় তাহলে সকলকে তার ন্যায্য পাওনা বুঝিয়ে দিব। পাচার হওয়া টাকা ওদের পেট থেকে বের করে আনা হবে। কেননা অর্থনীতির চ্যালেঞ্জ হবে বড় চ্যালেঞ্জ। তাছাড়া হিজলা মেহেন্দিগঞ্জের অবহেলিত জনপদের অর্থনৈতিক ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে প্রয়োজনীয় সকল পদক্ষেপ অগ্রাধিকার ভিত্তিতে নেয়া হবে। তিনি আরো বলেন, তুমিও তো মায়ের সন্তান, তাহলে আরেক মাকে কেন সম্মান দিতে পারোনা? মায়েদের নিরাপত্তায় আমাদের সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত ২ এর পাতায় দেখুন





ঝালকাঠি ও পিরোজপুরে জামায়াত আমির

# ভোটকেন্দ্র দখলের অপচেষ্টা হলে প্রতিহত করতে হবে

**ঝালকাঠি ও পিরোজপুর প্রতিনিধি**
জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, ভোটাধিকার রক্ষায় কোনো ধরনের পেশিশক্তি বা অনিয়মের চেষ্টা মেনে নেওয়া হবে না। তিনি বলেন, কেউ যদি ভোটকেন্দ্র দখলের অপচেষ্টা চালায় বা ভোটদানে বাধা সৃষ্টি করে, তাহলে জনগণকে ঐক্যবদ্ধভাবে তা প্রতিহত করতে হবে। এ ধরনের ঘটনায় মামলা হলে তার দায় নিজের ওপর নিতে প্রস্তুত বলেও মন্তব্য করেন তিনি। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) দুপুরে ঝালকাঠি সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় নির্বাচনি ঐক্যজোট আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জামায়াত আমির। ডা. শফিকুর রহমান বলেন, 'জামায়াতে ইসলামী এমন একটি বাংলাদেশ গড়তে চায়, যেখানে ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠিত হবে। বিচার ব্যবস্থায় কোনো আপস থাকবে না।' স্বাধীনতার পর গত ৫৪ বছরে দেশে বিচারহীনতা ও বৈষম্য ক্রমেই বেড়েছে বলে উল্লেখ করেন জামায়াত আমির। বর্তমানে বিচার ব্যবস্থায় অর্থ ও ক্ষমতার প্রভাব দৃশ্যমান উল্লেখ করে তিনি বলেন, আইনের চোখে সবাইকে সমান হতে হবে। ২ এর পাতায় দেখুন


বরিশাল ৫ আসনের ধানের শীষের মনোনীত প্রার্থী অ্যাড. মজিবর রহমান সরোয়ারের পক্ষে নগরীর রুপাতলী এলাকায় গনসংযোগ করেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ -কীর্তনখোলা





## বরিশালে ধানের শীষের পক্ষে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান রহমাতুল্লাহর

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশাল-৫ আসনের সকলকে ঐক্যবদ্ধ হয়ে ধানের শীষ প্রতীকের পক্ষে ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ। নগরীর নাজিরা পুল এলাকায় সদর-৫ আসনের ধানের শীষ প্রতীকের প্রার্থী অ্যাডভোকেট মজিবর রহমান সরোয়ারের পক্ষে বরিশাল বিভাগীয় দক্ষিণাঞ্চল শিল্পী পরিষদের উদ্যোগে আয়োজিত নির্বাচনি প্রচারণায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। প্রচারণায় বক্তব্যে আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ বলেন, দেশের ঐতিহ্যবাহী শিল্প-সংস্কৃতি একটি মহলের অপচেষ্টায় আজ ধ্বংসের মুখে পড়েছে। গ্রামবাংলার লোকজ সংস্কৃতি, পালাগান, বাউল, জারি-সারি, ভাটিয়ালি, লাঠিখেলা ২ এর পাতায় দেখুন

## ভাগ্যের পরিবর্তনের জন্য হাতপাখায় ভোট দিন: চরমোনাই পীর

**বরগুনা প্রতিনিধি**
ইসলামী আন্দোলন বাংলাদেশ-এর আমীর মুফতী সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম পীর সাহেব চরমোনাই বলেছেন, বাংলাদেশের স্বাধীনতার বয়স ৫৪ বছর। যে আশা নিয়ে এদেশের মানুষ দেশ স্বাধীন করেছিলো, লক্ষ লক্ষ মানুষ জীবন দিল, পঙ্গু হলো। উদ্দেশ্য ছিল সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা। কিন্তু স্বাধীনতার পর যারা ক্ষমতায় এসেছে তাদের মাধ্যমে সে আশা আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেনি। বরং একবার নয় ৫ বার চোরের দিক থেকে ফার্স্ট হয়েছে আমার সোনার বাংলাদেশ। আমার দেশের শ্রমিক, জেলে, তাতী, কামাড়, কুমাড়ের কষ্টার্জিত অর্থ ও প্রবাসীরা বিদেশ থেকে কষ্টার্জিত রেমিট্যান্স অর্জন করে দেশকে সমৃদ্ধ করেছে। কিন্তু যারাই ৫৪ বছর ধরে ক্ষমতায় এসেছে তারাই দেশের টাকা বিদেশে পাচার করেছে। সুতরাং এসব পুরান বউরা ২ এর পাতায় দেখুন



# সম্পাদকীয়

## নিত্যপণ্যের সংকট বাড়তে পারে

দেশের প্রধান সমুদ্রবন্দর চট্টগ্রামের কার্যক্রম পুরোপুরি অচল হয়ে পড়েছে। এই বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) বিদেশি প্রতিষ্ঠানের কাছে ইজারা দেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদে শ্রমিক-কর্মচারীদের লাগাতার কর্মবিরতি চলছে। ফলে এই বন্দর দিয়ে আমদানি-রপ্তানি কার্যক্রম বন্ধ হয়ে গেছে। আশঙ্কা করা হচ্ছে, রমজানের আগে বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সংকট তীব্রতর হবে। অন্যদিকে সময়মতো রপ্তানি কনটেইনার পাঠাতে না পারলে তৈরি পোশাক শিল্প বড় ধরনের ক্ষতির মুখে পড়বে। প্রকাশিত প্রতিবেদনে বন্দরের দুরবস্থার যে চিত্র উঠে এসেছে, নানা কারণেই তা বড় বেশি আশঙ্কা তৈরি করে। প্রতিবেদনে বলা হয়, দেশের অর্থনীতির প্রবেশদ্বার চট্টগ্রাম বন্দরের মূল তিনটি টার্মিনাল বুধবারও ছিল জনশূন্য। শ্রমিক-কর্মচারীদের লাগাতার কর্মবিরতিতে বন্দরজুড়ে এখন ভুতুড়ে নীরবতা। আমদানি-রপ্তানি বাণিজ্য থমকে আছে। জেটিতে থাকা ১৪টি জাহাজ পণ্য খালাস করতে না পেরে আটকা পড়েছে। অথচ এই বন্দরে ২৪ ঘণ্টাই সচল থাকত জেনারেল কার্গো বার্থ (জিসিবি), চিটাগাং কনটেইনার টার্মিনাল (সিসিটি) ও এনসিটি। জানা গেছে, গত মঙ্গলবার থেকে নতুন জাহাজ জেটিতে ভেড়ানো সম্ভব হয়নি। এমনকি বহির্নোঙরে যাওয়ার জন্য তৈরি জাহাজগুলোও বন্দর ত্যাগ করতে পারেনি। আন্দোলনকারীরা বন্দরের প্রতিটি প্রবেশপথে শক্ত অবস্থান নিয়েছেন। স্বাভাবিক সময়ে বন্দরের ৪ নম্বর গেটের সামনে রপ্তানি ও আমদানি পণ্যবাহী লরি ও ট্রেলারের দীর্ঘ সারি থাকে। বুধবার গেটের দুই পাশই ছিল তালাবদ্ধ। জেটি ও বহির্নোঙরে ১৪২টি জাহাজ আটকা পড়ে আছে। এর মধ্যে উল্লেযোগ্যসংখ্যক জাহাজে রয়েছে চিনি, ভোজ্যতেল ও ডালের মতো পণ্য। আমদানিকারকরা আশঙ্কা করছেন, এভাবে টার্মিনাল অচল থাকলে বাজারে সরবরাহব্যবস্থা পুরোপুরি ভেঙে পড়বে এবং পণ্যের দাম নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। রমজান মাসে পণ্য সরবরাহে ঘাটতি দেখা দেবে এবং সংশ্লিষ্ট বিভিন্ন পণ্যের দাম বেড়ে যাবে। বেসরকারি ডিপোগুলোতে বুধবার পর্যন্ত ১০ হাজার ৮১৭ টিইইউস (২০ ফুট দৈর্ঘ্যের কনটেইনারের একক) বা রপ্তানি কনটেইনার আটকা ছিল। সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, বিদেশি জাহাজগুলো যদি পণ্য না নিয়ে বন্দর ত্যাগ করতে শুরু করে, তবে তৈরি পোশাক খাতের শত শত কোটি টাকার ক্রয়াদেশ বাতিলের আশঙ্কা তৈরি হবে। স্বাভাবিক সময়ে চট্টগ্রাম বন্দর থেকে প্রতিদিন গড়ে পাঁচ হাজার একক (টিইইউস) পণ্যবাহী কনটেইনার খালাস হয়ে দেশের বিভিন্ন স্থানে যায়। কিন্তু গত শনিবার থেকে এই চিত্র বদলে গেছে। শনিবার কনটেইনার খালাস কমে দাঁড়ায় এক হাজার ৭৫০ টিইইউসে। গত রবি ও সোমবার তা আরো কমে এক হাজার ৬৮৪ এবং এক হাজার ২৩০ টিইইউসে ঠেকেছে। ফলে রাজস্ব আদায়ও কমে গেছে। প্রতিদিন যেখানে গড়ে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা থাকে ১৭০ কোটি টাকা, কর্মবিরতির দরুন দৈনিক রাজস্ব আদায়ের হার প্রায় ৪০ শতাংশ কমেছে। আন্দোলনের মুখে বন্দর কর্তৃপক্ষ ৩১ শ্রমিক-কর্মচারীকে মোংলা ও পায়রা বন্দরে বদলি করেছে। এতে আন্দোলন দমানোর পরিবর্তে তা আরো তীব্র হয়েছে। বন্দর রক্ষা সংগ্রাম পরিষদের সমন্বয়ক হুমায়ুন কবির বলেন, 'আমাদের পিঠ দেয়ালে ঠেকে গেছে। এনসিটি ইজারা বাতিল ও বদলি করা কর্মচারীদের বদলির আদেশ প্রত্যাহার না হওয়া পর্যন্ত এই টার্মিনালগুলো এভাবেই জনশূন্য থাকবে।' শিপিং এজেন্ট অ্যাসোসিয়েশনের সাবেক পরিচালক খায়রুল আলম সুজন কালের কণ্ঠকে বলেন, আন্দোলনরত শ্রমিক-কর্মচারীদের সঙ্গে বসে এই সংকট দ্রুত সময়ের মধ্যে সমাধান করা জরুরি হয়ে পড়েছে। ব্যবসায়ীদের শঙ্কা, চলতি সপ্তাহে আমদানি করা পণ্য বাজারে না পৌঁছলে আসন্ন রমজানে বড় ধরনের সরবরাহ সংকট দেখা দেবে। আমরা চাই, দ্রুততম সময়ের মধ্যে শ্রমিক-কর্মচারীদের সঙ্গে বসে এই সমস্যার সমাধান করার পাশাপাশি আমদানি-রপ্তানি কার্যক্রম স্বাভাবিক করা হোক।

## ভাগ্যের পরিবর্তনের জন্য হাতপাখায়

আবার নতুন ঘোমটা নিয়ে হাজির হয়েছে। কোনোভাবেই এসব ফাদে পা দেয়া যাবেনা। তাহলে আবার সেই পুরোনো অভ্যাসে তারা ফিরে যাবে। সুতরাং দেশের মানুষের ভাগ্যের পরিবর্তনের জন্য ইসলামের পক্ষের মার্কা হাতপাখায় আস্থা রাখুন। হাতপাখার প্রার্থীকে বিজয়ী করুন। শুক্রবার (৬ ফেব্রুয়ারি'২৬) বিকাল ৩টায় পাথরঘাটা কেএম মাধ্যমিক বিদ্যালয় মাঠে বরগুনা-২ আসনের হাতপাখার নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন পীর সাহেব চরমোনাই। তিনি বলেন, আমরা ৫ টি ইসলামী দল নিয়ে একটি নির্বাচনী সমঝোতা করেছিলাম। এতে ষষ্ঠ দল হিসেবে জামায়াত সম্পৃক্ত হয়। কিন্তু জামায়াত তাদের বিভিন্ন সভা-সেমিনারে দেশকে প্রচলিত আইনে রাষ্ট্র চালাবে বলে ঘোষণা দিয়েছে। যার কারণে আমরা ইসলাম, দেশ ও মানবতার কল্যাণের কথা চিন্তা করে হাতপাখাকে ইসলামের পক্ষের বাক্স হিসেবে সমুন্নত রেখেছি। আমরা ইসলামের পক্ষে একটা বাক্স দিতে চেয়েছিলাম। জামায়াতের সাথে যুক্ত ১০ বা ১১ দল আছে, তারা ক্ষমতায় গেলে শরিয়াহ অনুযায়ী দেশ চালাবেনা এটা ঘোষণা দিয়েছে। বিএনপির নেতৃত্বাধীন জোটও ইসলামের পক্ষের না। সুতরাং ইসলামের পক্ষের বাক্স এখনো একটাই। সেটা হলো হাতপাখার বাক্স। পীর সাহেব চরমোনাই বলেন, অনেকে আপনাদেরকে সোনার বাংলার স্বপ্ন দেখিয়েছে, অনেকে সবুজ বাংলার স্বপ্ন এবং ডিজিটাল বাংলার স্বপ্ন দেখিয়েছে। আমরা তা না বলতে পারলেও একথা বলতে চাই যে, আমরা জনপ্রত্যাশার বাংলাদেশ গড়ে তুলবো ইনশাআল্লাহ। আপনারা হাতপাখায় আস্থা রাখুন। হিন্দু, খ্রিস্টান, বৌদ্ধ ও অন্যান্য ধর্মালম্বীদের উদ্দেশ্য করে ইসলামী আন্দোলনের আমীর বলেন, চরমোনাই খবর নিয়ে দেখেন সেখানের সংখ্যালঘুরা মায়ের কোলে আছেন। চব্বিশের অভ্যুত্থানের পর অনেকে বাজারঘাট ও অন্যান্য দখলদারির কাজে লিপ্ত ছিলো, আমরা তখন সারাদেশে সংখ্যালঘুদের নিরাপত্তায় পাহারাদারি করেছি। হাতপাখা বিজয়ী হলে আপনারা সর্বোচ্চ নিরাপত্তা ও অধিকার ভোগ করতে পারবেন। সুতরাং সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিত করতে হাতপাখাকে বিজয়ী করুন। সভাপতির বক্তব্যে বরগুনা-২ আসনের সংসদ সদস্য প্রার্থী মুফতী মিজানুর রহমান কাসেমী বলেন আমি শাসক হতে চাইনা, আপনাদের খাদেম হতে চাই। পীর সাহেব চরমোনাই আপনাদের খেদমত করার জন্য আমাকে মনোনীত করেছেন। আপনারা যদি আমাকে সমর্থন করেন, আমাকে সহযোগিতা করেন, আমাকে সাহস যোগান, তাহলে আমি আপনাদের জন্য কাজ করতে চাই। প্রতিহিংসার বদলে সুস্থ ধারার রাজনীতি কায়েম করতে চাই। মামলাবাজির অবসান ঘটাতে চাই। সন্ত্রাস-চাদাবাস রুখে দিতে চাই। একটি শিক্ষাবান্ধব ও কর্মসংস্থানবান্ধব উন্নত বরগুনা গড়ে তুলতে চাই। তিনি বলেন, রোড এক্সিডেন্ট হলে তাদের জন্য ক্ষতিপূরণের ব্যবস্থা থাকলেও জেলেদের জন্য কোনো বিল পাধ হয়নি। আমি বিজয়ী হলে প্রথম বিল উত্থাপন করবো ক্ষতিগ্রস্ত জেলেদের জন্য ১০ লাখ টাকা ক্ষতিপূরণ বিল, জেলেদের জন্য উপকূলে হাসপাতাল নির্মাণের ব্যবস্থা করবো যাতে তারা লোনাপানিতে দীর্ঘদিন থাকার পর সুচিকিৎসা পেতে পারে। তিনি বরগুনা-০২ আসনে ৩ বছরে ১ লক্ষ ছেলেমেয়েদের চাকুরির আশ্বাস, প্রত্যেক ইউনিয়নে কার্যকর গণশুনানি কেন্দ্র গঠনের আশ্বাস দেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেরসমূহের চিকিৎসার মান উন্নয়ন, রাস্তাঘাটের উন্নয়ন ও বন্যা এবং নদী ভাঙন রোধে কার্যকর টেকসই ব্যবস্থা গ্রহণসহ নানান উন্নয়ন প্রতিশ্রুতি দেন মিজানুর রহমান কাসেমী। জনসভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামী আন্দোলন বাংলাদেশ-এর কেন্দ্রীয় সহ-প্রচার ও দাওয়াহ সম্পাদক মাওলানা কেএম শরীয়াতুল্লাহ, সহ-অর্থ ও প্রকাশনা সম্পাদক অধ্যাপক নাসির উদ্দীন খান, কেন্দ্রীয় শুরা সদস্য মামুনুর রশীদ খান ইউসুফী, বরগুনা-০১ আসনের এমপি প্রার্থী মাওলানা মাহমুদুল হোসাইন অলিউল্লাহ, কেন্দ্রীয় নির্বাচন মনিটরিং টীমের সদস্য (বরগুনা-পটুয়াখালী) ও ইসলামিক স্কলার মুফতী হাবিবুর রহমান মিছবাহ, বরগুনা জেলার উপদেষ্টা মাওলানা ওমর আব্দুল কাদের পীর সাহেব বাওয়ালকর, বরগুন জেলা সেক্রেটারি মাওলানা আব্দুস শাকুর সহ বরগুনা জেলা ও পাথরঘাটা উপজেলার নেতৃবৃন্দ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

## বরিশালে ধানের শীষের পক্ষে ঐক্যবদ্ধ

ও বিভিন্ন গ্রামীণ সাংস্কৃতিক ঐতিহ্য অবহেলার শিকার হচ্ছে। এসব সংস্কৃতি টিকিয়ে রাখতে হলে দেশীয় শিল্প-সংস্কৃতির পৃষ্ঠপোষক শক্তিকে বিজয়ী করতে হবে। তিনি আরও বলেন, শিল্পী ও সংস্কৃতিকর্মীরা সমাজের বিবেক। তাদের যথাযথ সম্মান ও নিরাপদ সাংস্কৃতিক পরিবেশ নিশ্চিত করা না গেলে জাতির আত্মপরিচয় সংকটে পড়বে। এ কারণে শিল্পী-সংস্কৃতিকর্মীসহ সব শ্রেণি-পেশার মানুষকে ধানের শীষের পক্ষে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান তিনি। এ সময় বরিশাল বিভাগীয় দক্ষিণাঞ্চল শিল্পী পরিষদের সভাপতি মো. ফরিদ উদ্দিন খান, সাধারণ সম্পাদক মো. শাহীন আলমসহ প্রায় ৪০ থেকে ৫০ জন শিল্পী প্রচারণায় অংশ নেন। তারা বিভিন্ন সড়ক ও এলাকায় গণসংযোগ করেন, পথচারী ও দোকানিদের মাঝে লিফলেট বিতরণ করেন ও সচেতনতামূলক স্লোগান দেন।

## ভোটকেন্দ্র দখলের অপচেষ্টা

অপরাধ করলে ক্ষমতাবানরাও ছাড় পাবে না। দুর্নীতি ও অর্থপাচার প্রসঙ্গে ডা. শফিকুর রহমান বলেন, দেশের বিপুল অর্থ বিদেশে পাচার হয়েছে, যা জনগণের সম্পদ। এই অর্থ ফেরত আনার জন্য প্রয়োজন হলে আন্দোলন গড়ে তোলা হবে। একই সঙ্গে চাঁদাবাজি, দখলবাজি ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়ার ঘোষণা দেন তিনি। নারীদের নিরাপত্তার বিষয়ে জামায়াত আমির বলেন, আমরা এমন বাংলাদেশ চাই যেখানে মা-বোনেরা ঘরে-বাইরে, কর্মক্ষেত্র ও শিক্ষাপ্রতিষ্ঠানে নিরাপদে চলাফেরা করতে পারবেন। তাদের সম্মানের নিশ্চয়তা থাকবে। যুবসমাজের ভূমিকার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, জুলাই আন্দোলনে যুবকদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া দেশ থেকে ফ্যাসিবাদী শাসন ব্যবস্থা বিতাড়ন সম্ভব হতো না। ভবিষ্যতেও দেশের রাজনৈতিক ও সামাজিক পরিবর্তনে যুবকদের নেতৃত্ব দেওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন তিনি। তার ভাষায়, বেকার ভাতা নয়, তরুণদের কর্মসংস্থানের মাধ্যমে দেশ গড়ার মূল শক্তি হিসেবে গড়ে তোলা হবে। ঝালকাঠিবাসীর উদ্দেশে তিনি বলেন, শহীদ শরিফ ওসমান হাদি ঝালকাঠির সন্তান। জামায়াতে ইসলামী রাষ্ট্রীয় ক্ষমতায় গেলে তার হত্যার বিচার নিশ্চিত করা হবে। তিনি বলেন, ইনসাফ ও বৈষম্যহীন সমাজ গঠনের যে দর্শন হাদি লালন করতেন, তা জাতীয় স্বার্থে বাস্তবায়নের চেষ্টা করা হবে। দেশ পরিচালনার বিষয়ে ডা. শফিকুর রহমান বলেন, যোগ্যতা ও দায়িত্বের ভিত্তিতে বেতন কাঠামো নির্ধারণ করা হবে। এরপরও কেউ অসৎ উপায়ে আয় করার চেষ্টা করলে তার বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়া হবে। জনসভায় জেলা জামায়াতের আমির অ্যাডভোকেট হাফিজুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য দেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মোয়াজ্জেম হোসেন হেলাল, বাংলাদেশ লেবার পার্টির চেয়ারম্যান ডা. মুস্তাফিজুর রহমান ইরান, ঝালকাঠি-১ আসনের জামায়াত মনোনীত প্রার্থী ড. ফয়জুল হক, ঝালকাঠি-২ আসনের প্রার্থী শেখ নেয়ামুল করিম, জাতীয় নাগরিক পার্টির ডেপুটি চিফ অর্গানাইজার ডা. মাহমুদা মিতুসহ অন্যান্য নেতারা। সভায় জেলা ও উপজেলা পর্যায়ের নেতাকর্মীদের পাশাপাশি শহীদ ওসমান হাদির বোন মাসুমা হাদি উপস্থিত ছিলেন। জনসভায় বিপুলসংখ্যক নেতাকর্মী ও সমর্থকের উপস্থিতিতে ঝালকাঠি সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ মুখরিত হয়ে ওঠে। **পিরোজপুর প্রতিনিধি:** জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, জুলাই আন্দোলনে ছাত্র-জনতা বেকার ভাতা চায়নি, তারা কাজের অধিকার চেয়েছিল। আমরা যুবসমাজকে কথা দিচ্ছি, ইনশাল্লাহ তাদের সঠিক শিক্ষা এবং পর্যাপ্ত প্রশিক্ষণ দিয়ে পেশাগত দক্ষ করে তোলা হবে। এরপর তাদের হাতে যোগ্য সম্মানজনক কাজ তুলে দেওয়া হবে। যোগ্যতা ও দেশপ্রেমই হবে সরকারি চাকরিতে নিয়োগের একমাত্র মাপকাঠি। শুক্রবার (৬ জানুয়ারি) বিকাল ৪টায় পিরোজপুর শহরের জেলা স্কুল মাঠে জেলা জামায়াত আয়োজিত নির্বাচনি জনসভায় তিনি এসব কথা বলেন। জামায়াত আমির বলেন, জামায়াত রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলে দেশের প্রতিটি শিশুর শিক্ষার দায়িত্ব নেবে রাষ্ট্র এবং মাস্টার্স পর্যন্ত শিক্ষার্থীরা সম্পূর্ণ সরকারি খরচে পড়াশোনা করার সুযোগ পাবে। তিনি বলেন, যারা জনগণের সরকার চায় না, দেশকে গোলাম বানিয়ে রাখতে চায়, তারা এক্স অ্যাকাউন্ট হ্যাকের পর মিথ্যাচার করছে। যারা এক্স আইডি হ্যাকের পর মিথ্যাচার করছে তাদের ক্ষমা করে দিলাম। ডা. শফিকুর রহমান বলেন, অতীতে অনেক ম্যাগা প্রকল্পের নামে ম্যাগা দুর্নীতি হয়েছে। আমার দেশে ২৮ লক্ষ কোটি টাকা চুরি করে পাচার করেছে স্বৈরাচার সরকার। এই টাকার মালিক জনগণ। আল্লাহ আমাদের সুযোগ দিলে আর কাউকে লুটপাট করতে দেব না। মুখে হাত ভরে দিয়ে সব বের করে নিয়ে আসবো। নারীদের প্রতি সম্মান ও নিরাপত্তার বিষয়ে তিনি বলেন, মায়েদের মর্যাদা অক্ষুণ্ন রাখতে হবে। মায়ের অপমান এই জাতি সহ্য করবে না। ঘর থেকে শুরু করে কর্মস্থল-সব জায়গায় নারীর নিরাপত্তা নিশ্চিত করতে হবে। পাশাপাশি তিনি ঘোষণা করেন, বাংলাদেশে হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিষ্টান বা উপজাতি বলে কোনো ভেদাভেদ থাকবে না, নাগরিক হিসেবে সবাই সমান অধিকার ভোগ করবে। আগামী ১২ তারিখের নির্বাচন ও গণভোটকে কেন্দ্র করে জনগণকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে জামায়াত আমির বলেন, আপনাদের প্রিয় নেতা দেলাওয়ার হোসেন সাঈদীসহ জুলাই আন্দোলনের শহীদদের বিচার করার জন্য জামায়াতকে ভোট দেবেন। আগামী ১২ তারিখের নির্বাচন হবে নতুন বাংলাদেশ নির্মানের নির্বাচন। তাই গণভোটে 'হ্যাঁ মানে আজাদি', 'না মানে গোলামী'এই কথা মাথায় রেখে দুর্নীতিমুক্ত, শোষণহীন ও ইনসাফ কায়েমের লক্ষ্যে জনগণকে 'হ্যাঁ' জয়যুক্ত করার আহ্বান জানান ডা. শফিকুর রহমান। জেলা জামায়াতের আমির অধ্যক্ষ তাফাজ্জল হোসেন ফরিদের সভাপতিত্বে বক্তব্য রাখেন, জামায়াতের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল, লেবার পার্টি চেয়ারম্যান ডাক্তার মুস্তাফিজুর রহমান ইরান। পিরোজপুর-১ আসনের জামায়াতের প্রার্থী মাসুদ সাঈদী, পিরোজপুর-২ আসনের জামায়াত প্রার্থী শামীম সাঈদী ও পিরোজপুর-৩ আসনের এনসিপি প্রার্থী ড. শামীম হামিদীসহ ১১ দলীয় ঐক্যজোটের নেতৃবৃন্দ। পরে পিরোজপুর-১ ও ২ আসনের প্রার্থী মাসুদ সাঈদী ও শামীম সাঈদীর হাতে প্রতীক দাঁড়িপাল্লা, পিরোজপুর-৩ আসনের এনসিপির শামীম হামিদীর হাতে শাপলা কলি এবং পার্শ্ববর্তী বরগুনা-২ আসনের জামায়াত প্রার্থী ডা. সুলতান আহমেদের হাতে দাঁড়িপাল্লা প্রতীক তুলে দেন ডা. শফিকুর রহমান।

## দল সামলাতে না পারলে দেশ

থাকবে। আইডি হ্যাক বিষয়ে তিনি বলেন, মিসাইল ছুড়েছিল আমার দিকে, ফিরে সেটা তাদের কপালেই পড়েছে। সত্য কখনো চাপা থাকেনা। যে রাজনীতি চাঁদাবাজ, হত্যাকারী লুন্ঠনকারী তৈরি করে, ঐ রাজনীতি আমরা চাইনা। তাই পরিবর্তনের জন্য হ্যা ভোট দিতে হবে। এতোদিন পাহাড়াদারি করেছি দলের, আপনারা সুযোগ দিলে এবার দেশের পাহারাদারি করবো। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল, বরিশাল অঞ্চল টীম সদস্য একেএম ফখরুদ্দিন খান রাজী, বরিশাল জেলা আমির ও বরিশাল-৪ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী অধ্যাপক আব্দুল জব্বার, এবি পার্টির সাধারণ সম্পাদক ও বরিশাল-৩ আসনের প্রার্থী ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ, জেলা জামায়াতের সেক্রেটারি ও বরিশাল-৬ আসনের প্রার্থী মাওলানা মাহমুদুন্নবী তালুকদার, বরিশাল-২ আসনের প্রার্থী ও জেলা জামায়াতের নায়েবে আমির মাস্টার আব্দুল মান্নান, বরিশাল-১ আসনে জামায়াতের প্রার্থী মাওলানা কামরুল ইসলাম খান, বরিশাল জেলা এনসিপির আহবায়ক আবু সাঈদ মুসা, বাংলাদেশ খেলাফত মজলিশের জেলা সভাপতি মাওলানা জোবায়ের গালিব, জাগপা জেলা সভাপতি মনির হোসেন ও খেলাফত মজলিশের জেলা সহ সভাপতি রুহুল আমীন কামাল। এছাড়া বরিশাল প্রেস ক্লাব সভাপতি আমিনুল ইসলাম খসরু, মহানগর জামায়াতের নায়েবে আমির প্রফেসর মাহমুদ হোসাইন দুলাল, জেলা ছাত্রশিবিরের সভাপতি সাইয়্যেদ আহমেদ, হিজলা মেহেন্দিগঞ্জ সহ বিভিন্ন উপজেলা আমির ও অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বক্তব্য শেষে অনুষ্ঠান শেষে জামায়াতের আমির বরিশাল-৪ আসনের প্রার্থী মাওলানা আব্দুল জব্বারসহ বিভিন্ন আসনের প্রার্থীদের হাতে দলীয় প্রতীক 'দাঁড়িপাল্লা' তুলে দেন।

## সাত দিনে সেনাবাহিনীর অভিযানে

কাছ থেকে ৫১টি অবৈধ অস্ত্র উদ্ধার করা হয়েছে। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে আইএসপিআর। আইএসপিআর জানায়, দেশের চলমান পরিস্থিতিতে সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার উদ্দেশ্যে বাংলাদেশ সেনাবাহিনী সর্বোচ্চ পেশাদারিত্ব, শৃঙ্খলা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায়, গত ৩০ জানুয়ারি থেকে ৫ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত বাংলাদেশ সেনাবাহিনীর বিভিন্ন পদাতিক ডিভিশন ও স্বতন্ত্র ব্রিগেডের অধীন ইউনিটগুলো অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সমন্বয়ে রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় বেশকিছু যৌথ অভিযান পরিচালনা করা হয়। এ সব যৌথ অভিযানে সন্ত্রাসী, মাদক কারবারি, মাদকাসক্ত, ডাকাত সদস্য, কিশোর গ্যাং, চোরাকারবারিসহ মোট ৩৬৮ জন সন্দেহভাজন অপরাধীকে হাতেনাতে গ্রেপ্তার করা হয়। আইএসপিআর আরও জানায়, গ্রেপ্তারদের কাছ থেকে ৫১টি অবৈধ আগ্নেয়াস্ত্র, ১৩১ রাউন্ড বিভিন্ন ধরনের গোলাবারুদ, ককটেল বোমা, দেশীয় অস্ত্র ও মাদকদ্রব্য উদ্ধার করা হয়। গ্রেপ্তারদের প্রয়োজনীয় জিজ্ঞাসাবাদ এবং আইনি কার্যক্রম সম্পন্নের জন্য সংশ্লিষ্ট এলাকার থানায় হস্তান্তর করা হয়েছে। দেশব্যাপী জননিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনী বিভিন্ন অঞ্চলে নিয়মিত টহল কার্যক্রম ও নিরাপত্তা অভিযান পরিচালনা করছে। পাশাপাশি, শিল্পাঞ্চলে উদ্ভূত শ্রমিক অসন্তোষ নিয়ন্ত্রণে সেনাবাহিনী যথাযথভাবে দায়িত্ব পালন করছে। দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সেনাবাহিনীর এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে। সাধারণ জনগণকে অনুরোধ করা হচ্ছেড়যে কোনো ধরনের সন্দেহজনক বা অস্বাভাবিক কার্যকলাপ পরিলক্ষিত হলে তা নিকটস্থ সেনা ক্যাম্পে অবহিত করার জন্য।

## লুট হওয়া অস্ত্র নিরাপত্তার

বলেছেন, 'এটা সত্য যে একটা প্রেক্ষাপটে অনেক অস্ত্র লুট হয়েছে। কিন্তু আমি যত দূর জানি অধিকাংশ অস্ত্র উদ্ধার হয়েছে। কিছুসংখ্যক এখনও আছে, কিন্তু সেটা আমাদের সার্বিক নিরাপত্তার জন্য হুমকি, এটা আমরা মনে করি না। অস্ত্র উদ্ধার এখনও অব্যাহত আছে।' শুক্রবার (৬ ফেব্রুয়ারি) সকালে নীলফামারী সরকারি কলেজের হলরুমে ভোট গ্রহণকারী কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। পোস্টাল ভোট প্রসঙ্গে আব্দুর রহমানেল বলেন, 'প্রবাসী ভোটের ক্ষেত্রে আমরা শতভাগ সতর্ক আছি। এ ক্ষেত্রে আমরা এক পারসেন্টও কারও সঙ্গে আপস করবো না। যদি এতে আমাদের ভোট নষ্ট হয় হোক, কিন্তু নির্বাচনের স্বচ্ছতা নিয়ে প্রশ্ন আসুক, এই ধরনের কোনও পোস্টাল ব্যালট পেপার গ্রহণ করা হবে না। সে বিষয়ে আমরা সতর্ক আছি। এটার সুষ্ঠুতার বিষয়ে আমরা একবিন্দুও আপস করবো না।' মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন নীলফামারী জেলা প্রশাসক রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ নায়িরুজ্জামান। বক্তব্য দেন পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক সাইদুল ইসলাম, রংপুর অঞ্চলের আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা দেলোয়ার হোসেন, নীলফামারী জেলা নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ লুৎফুল কবির প্রমুখ।

## বিএনপির নির্বাচনি ইশতেহারে

এতে ৯টি প্রধান প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। যার মধ্যে উল্লেখযোগ্য ফ্যামিলি কার্ড, এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ, কর্মমুখী শিক্ষাব্যবস্থা, 'মেড ইন বাংলাদেশ' পণ্যের রপ্তানি এবং ই-কমার্সের আঞ্চলিক হাব স্থাপন। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) বিকেল সাড়ে ৩টা থেকে এ ইশতেহার ঘোষণা অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। তার সঙ্গে রয়েছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ স্থায়ী কমিটির সদস্যরা। নির্বাচনি অঙ্গীকারে ৯ প্রধান প্রতিশ্রুতি- ১. প্রান্তিক ও নিম্নআয়ের পরিবারকে সুরক্ষা দিতে ?'ফ্যামিলি কার্ড' চালু করে প্রতি মাসে ২ হাজার ৫০০ টাকা অথবা সমমূল্যের নিত্যপ্রয়োজনীয় পণ্য সরবরাহ নিশ্চিত করা হবে। অর্থ সেবার এই পরিমাণ পর্যায়ক্রমে বাড়ানো হবে। ২. কৃষকের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য নিশ্চিত করতে 'কৃষক কার্ড'-এর মাধ্যমে ভর্তুকি, সহজ ঋণ, কৃষি বিমা এবং রাষ্ট্রীয় ব্যবস্থাপনায় বাজারজাতকরণ জোরদার করা হবে। মৎস্যচাষি, পশুপালনকারী খামারি ও কৃষি খাতের ক্ষুদ্র ব্যবসায়ীরাও এই সুবিধা পাবেন। ৩. দুর্নীতিমুক্ত ও মানবিক স্বাস্থ্যব্যবস্থা গড়ে তুলতে দেশব্যাপী এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ, জেলা ও মহানগর পর্যায়ে মানসম্মত চিকিৎসা, মা ও শিশুর পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা এবং রোগ প্রতিরোধমূলক কার্যক্রম সম্প্রসারণ করা হবে। ৪. আনন্দময় ও কর্মমুখী শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে বাস্তব দক্ষতা ও মূল্যবোধভিত্তিক শিক্ষানীতি প্রণয়ন, প্রাথমিক শিক্ষায় সর্বাধিক গুরুত্ব, শিক্ষক-শিক্ষার্থীদের প্রযুক্তি সহায়তা এবং 'মিড-ডে মিল' চালু করা হবে। ৫. তরুণদের ভবিষ্যৎ নিশ্চিত করতে কর্মসংস্থান সৃষ্টি, কারিগরি ও ভাষা দক্ষতা উন্নয়ন, স্টার্টআপ ও উদ্যোক্তা সহায়তা, বৈশ্বিক ই-কমার্স প্ল্যাটফর্মে যুক্তকরণ এবং মেধাভিত্তিক সরকারি নিয়োগ নিশ্চিত করা হবে। ৬. ক্রীড়াকে পেশা ও জীবিকার মাধ্যম হিসেবে গড়ে তুলতে জেলা ও উপজেলা পর্যায়ে ক্রীড়া অবকাঠামো ও প্রশিক্ষণ ব্যবস্থা সম্প্রসারণ করা হবে। ৭. পরিবেশ রক্ষা ও জলবায়ু সহনশীলতা জোরদারে দেশপ্রেমী জনগণের স্বেচ্ছাশ্রম ও সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে ২০ হাজার কিলোমিটার নদী, খাল খনন ও পুনঃখনন, পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপণ এবং আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা চালু করা হবে। ৮. ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি সুদৃঢ় করতে সব ধর্মের উপাসনালয়ের ধর্মীয় নেতৃবৃন্দের জন্য সম্মানী ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালু করা হবে। ৯. ডিজিটাল অর্থনীতি ও বৈশ্বিক সংযোগ বাড়াতে আন্তর্জাতিক পেমেন্ট সিস্টেম (পেপাল) চালু, ই-কমার্সের আঞ্চলিক হাব স্থাপন এবং 'মেড ইন বাংলাদেশ' পণ্যের রপ্তানি সম্প্রসারণ করা হবে।

## হাদি হত্যার তদন্ত চেয়ে

ব্যবহার করা হয়নি বলে জানিয়েছে অন্তর্বর্তী সরকার। ঢাকা মেট্রোপলিটন পুলিশের বরাত দিয়ে সরকার এমনটি জানিয়েছে। একই সঙ্গে শরিফ ওসমান হাদি হত্যার তদন্ত জাতিসংঘের অধীনে করার লক্ষ্যে আগামী রোববার (৮ ফেব্রুয়ারি) সংস্থাটির নিকট আনুষ্ঠানিকভাবে চিঠি পাঠানো হবে বলেও জানানো হয়েছে। আজ শুক্রবার (৬ ফেব্রুয়ারি) এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। শহীদ শরীফ ওসমান হাদি হত্যার বিচারের দাবিতে ৫ ফেব্রুয়ারি ২০২৬ বিকেল থেকে ইনকিলাব মঞ্চের ব্যানারে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনার সামনে বিক্ষোভ শুরু হয়। যমুনা ও এর আশপাশের এলাকায় বিক্ষোভ নিষিদ্ধ থাকা সত্ত্বেও আইনশৃঙ্খলা বাহিনী প্রথমে বিক্ষোভকারীদের বিরুদ্ধে কোনো ধরনের বল প্রয়োগ করেনি। বিজ্ঞপ্তিতে বলা হয়, আজ শুক্রবার (৬ ফেব্রুয়ারি) বিক্ষোভকারীরা ব্যারিকেড ভেঙে যমুনার অভিমুখে অগ্রসর হওয়ার চেষ্টা করলে এবং একপর্যায়ে জলকামানের ওপর উঠে গেলে আইনশৃঙ্খলা বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সাউন্ড গ্রেনেড ও জলকামান ব্যবহার করে। সরকার স্পষ্টভাবে জানাচ্ছে যে, এ সময় আইনশৃঙ্খলা বাহিনী কোনো ধরনের গুলি ছোড়েনি। জনশৃঙ্খলা রক্ষা এবং মাননীয় প্রধান উপদেষ্টার নিরাপত্তা নিশ্চিত করার স্বার্থে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনা ও সংলগ্ন এলাকায় যেকোনো প্রকার সভা-সমাবেশ, মিছিল, গণজমায়েত ও বিক্ষোভ প্রদর্শন নিষিদ্ধ রয়েছে। এ প্রেক্ষাপটে পুলিশ সম্পূর্ণ নিয়মতান্ত্রিক ও আইনানুগভাবে বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করে। এ সময় কোনো ধরনের আগ্নেয়াস্ত্র (ষবঃযধষ বিধঢ়ড়হ) ব্যবহার করা হয়নি বলে ঢাকা মেট্রোপলিটন পুলিশ নিশ্চিত করেছে। আহতদের শরীরে গুলির আঘাত নেই জানিয়ে বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসকদের কাছ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, এ ঘটনায় আহত হয়ে ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আব্দুল্লাহ আল জাবেরসহ সর্বমোট ২৩ জন চিকিৎসা গ্রহণ করেছেন। তবে তাঁদের কারও শরীরে গুলির আঘাত নেই বলে কর্তব্যরত চিকিৎসকেরা নিশ্চিত করেছেন। সরকার স্পষ্টভাবে পুনর্ব্যক্ত করছে যে, শহীদ শরীফ ওসমান হাদি হত্যার বিচারে সরকার বদ্ধপরিকর। জাতিসংঘের অধীনে তদন্ত পরিচালনার আইনগত দিক সরকার গভীরভাবে পর্যালোচনা করছে এবং এ বিষয়ে আগামী রোববার (৮ ফেব্রুয়ারি) জাতিসংঘের সংশ্লিষ্ট সংস্থার নিকট আনুষ্ঠানিকভাবে চিঠি পাঠানো হবে। বিভিন্ন মাধ্যমে বিক্ষোভকারীদের ওপর মাত্রাতিরিক্ত বল প্রয়োগের যে অভিযোগ উত্থাপিত হয়েছে, তা সঠিক নয়। আরও বলা হয়, আসন্ন নির্বাচনকে সামনে রেখে এই সংবেদনশীল রাজনৈতিক সময়ে সরকার সকলকে ধৈর্য, সংযম ও দায়িত্বশীলতা বজায় রাখার আহ্বান জানাচ্ছে। দেশের প্রায় ১৮ কোটি মানুষ অধীর আগ্রহে এই নির্বাচনের অপেক্ষায় রয়েছে। একই সঙ্গে আন্তর্জাতিক সম্প্রদায়ের দৃষ্টি বর্তমানে বাংলাদেশের দিকে নিবদ্ধ। বিদেশি বহু সাংবাদিক ও পর্যবেক্ষক ইতোমধ্যে বাংলাদেশে উপস্থিত হয়েছেন। সরকার দেশের সকল নাগরিকের প্রতি একটি উৎসবমুখর, শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক নির্বাচন নিশ্চিত করার লক্ষ্যে সর্বোচ্চ দায়িত্বশীলতা ও সহযোগিতার আহ্বান জানাচ্ছে। আসন্ন নির্বাচন রাষ্ট্রের গণতান্ত্রিক অগ্রযাত্রায় একটি ঐতিহাসিক মাইলফলক। দীর্ঘ সংগ্রাম, আত্মত্যাগ ও রক্তক্ষয়ের বিনিময়ে অর্জিত এই নির্বাচনী সুযোগ জাতির জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ। দেশের সার্বিক অগ্রগতি, স্থিতিশীলতা ও ভবিষ্যৎ উন্নয়ন নিশ্চিত করতে এই নির্বাচনকে অবশ্যই সুষ্ঠু, সুন্দর, অবাধ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে হবে। এ লক্ষ্য অর্জনে কোনো ধরনের বিচ্যুতি গ্রহণযোগ্য নয়। সরকার বিশ্বাস করে, দেশের সকল নাগরিকের সম্মিলিত দায়িত্বশীল আচরণ ও সহযোগিতার মাধ্যমেই একটি গ্রহণযোগ্য, মর্যাদাপূর্ণ ও গণতান্ত্রিক নির্বাচন সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব।

## ছাত্রদল নেতা সিফাত হত্যা মামলায় গ্রেফতার ২

**ভোলা প্রতিনিধি**

ভোলায় ছাত্রদল নেতা সিফাত হাওলাদারকে নৃশংসভাবে কুপিয়ে হত্যার ঘটনার মূল পরিকল্পনাকারীসহ মামলার দুই পলাতক আসামিকে গ্রেপ্তার করেছে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন র?্যাব-৮ এর ভোলা ক্যাম্প কমান্ডার লেফটেন্যান্ট কমান্ডার শাহরিয়ার রিফাত অভি। এরআগে, বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) দিনগত মধ্যরাতে সিলেটের শ্রীমঙ্গল পৌরসভা থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন- মামলার ১ নম্বর আসামি ভোলা সদর উপজেলার রাজাপুর ইউনিয়নের শ্যামপুর গ্রামের ৯ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. হেলাল উদ্দিনের ছেলে মো. হাসিবুর (৩৭) ও মামলার ৩ নম্বর আসামি একই গ্রামের বাসিন্দা মোক্তার হাওলাদারের ছেলে মো. রনি হাওলাদার (৩৮)। লেফটেন্যান্ট কমান্ডার শাহরিয়ার রিফাত অভি বলেন- র?্যাব-৮ এর ভোলা ক্যাম্প ও র?্যাব-৯ এর শ্রীমঙ্গল ক্যাম্প এর যৌথ অভিযানে তাদেরকে গ্রেপ্তার করা হয়েছে। প্রাথমিক অনুসন্ধানে জানা যায়, পূর্ব শত্রুতা ও স্থানীয় রাজনীতির জেরে গ্রেপ্তারকৃত এজাহারনামীয় ১ নম্বর আসামি হাসিবুর রহমান ও ৩ নম্বর আসামি মো. রনি হাওলাদারসহ অপরাপর আসামিরা গত ২৪ ডিসেম্বর সন্ধ্যায় দেশীয় তৈরি ধারালো অস্ত্রশস্ত্র দিয়ে মারাত্মক রক্তাক্ত জখম করে মৃত্যু নিশ্চিত করে এবং ভিকটিমের সাথে থাকা ১ লাখ ১০ হাজার টাকা নিয়ে যায়। ঘটনাটি মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারিত হয় এবং জনমনে চাঞ্চল্যের সৃষ্টি করে। পরবর্তীতে র?্যাব আসামিদের গ্রেপ্তারের লক্ষ্যে গোয়েন্দা তৎপরতা শুরু করে। র?্যাবের এ কর্মকর্তা আরও বলেন, গ্রেপ্তারকৃত আসামিদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য শ্রীমঙ্গল থানায় হস্তান্তর করা হয়েছে।

## 'গুপ্ত' বলার কারণে আপনাদেরও হাসিনার মতো পতন হবে: ডা. মিতু

**ঝালকাঠি প্রতিনিধি**

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ডেপুটি চিফ অর্গানাইজার ডা. মাহমুদা আলম মিতু বলেছেন, আপনি এসে চেয়ারম্যান হয়েছেন। আমাদের 'গুপ্ত' বলেন। আপনি যে দেশে আসতে পেরেছেন, সেটাও আমাদের জন্য। হাসিনা 'রাজাকার' বলেই পতন হয়েছিল, আপনাদেরও 'গুপ্ত' বলার কারণেই পতন হবে। ?শুক্রবার (৬ ফেব্রুয়ারি) দুপুর ২টায় ঝালকাঠি সরকারি উচ্চ বিদ্যালয়ের মাঠে জামায়াতে ইসলামী ও ১১ দলীয় নিবার্চনী ঐক্য জোটের আয়োজনে অনুষ্ঠিত নির্বাচনী জনসভায় বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ১১ দলীয় নিবার্চনী ঐক্য জোটের দাঁড়িপাল্লার পক্ষে গণজোয়ার শুরু হয়েছে। এই গণজোয়ার দেখে একটি দলের মাথা ঠিক নেই, হাত-পা কাঁপতে শুরু করেছে। লন্ডন থেকে একজন নতুন 'মুফতি' এসে ফতোয়া দেওয়া শুরু করেছেন। আমরা ভেবেছিলাম তিনি নতুন কিছু বলবেন, পরিবর্তনের কথা বলবেন। কিন্তু দেখা গেল, তিনি সেই পুরোনো চেহারাতেই রয়ে গেছেন। তার বক্তব্যেই তিনি নিজেকে অনেক নিচে নামিয়ে ফেলছেন। ?ডা. মাহমুদা মিতু বলেন, গণজোয়ার দেখে তারা আমাদের আইডি হ্যাক করেছে। বলা হচ্ছে, আমরা নাকি নারীদের বিরুদ্ধে প্রপাগান্ডা ছড়াচ্ছি। অথচ দাঁড়িপাল্লার পক্ষে দেশের হাজার হাজার তরুণী ফেসবুকে রিলস বানাচ্ছে। তারা মনে করে, জামায়াতে ইসলামী নারীদের জন্য নিরাপদ। ইসলামে কোনো জোর-জবরদস্তি নেই। যে যেভাবে থাকতে চায়, তাকে সেভাবেই থাকতে দেওয়া হয়। ?তারেক রহমানকে উদ্দেশ্য করে তিনি বলেন, আপনি এসে চেয়ারম্যান হয়েছেন। আমাদের 'গুপ্ত' বলেন। আপনি যে দেশে আসতে পেরেছেন, সেটাও আমাদের জন্য। হাসিনা 'রাজাকার' বলেই পতন হয়েছিল, আপনাদেরও 'গুপ্ত' বলার কারণেই পতন হবে। আপনারা ৫৫০টি সহিংসতা ঘটিয়েছেন। চাঁদাবাজি ও দুর্নীতির অভিযোগে আপনারাই হাজার হাজার নেতাকর্মীকে বহিষ্কার করেছেন। বিভিন্ন সংস্থার হিসাব অনুযায়ী ৯৯ শতাংশ অপকর্মে আপনার দলের লোকজন জড়িত। ?তিনি বলেন, জামায়াতের বোনদের অপমান ও হেনস্তা করা হয়েছে। ভবিষ্যতে কোনো নারীর গায়ে হাত দিলে আমরা সবাই মিলে তা প্রতিহত করব। আমরা দীর্ঘদিন ধরে জামায়াত-শিবিরের ভাইদের সঙ্গে কর্মসূচি করছি। তারা আমাদের আপন ভাইদের মতো নিরাপত্তা দেয়, সম্মান করে। আমাদের আমির বলেছেন, নারীদের তিনি মাথায় তুলে রাখবেন, তাজ বানিয়ে রাখবেন। এটাই ইসলামি আদর্শ। ?তিনি আরও বলেন, হাসিনার মতো ক্ষমতায় আসার স্বপ্ন দেখবেন না। ভোটকেন্দ্র দখলের চেষ্টা করবেন না। আমরা নারীরা সব ভোটকেন্দ্র পাহারা দেব। ?জনসভায় প্রধান অতিথির বক্তব্য দেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় আমির ডা. শফিকুর রহমান। এছাড়া বক্তব্য দেন কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মোয়াজ্জেম হোসেন হেলাল, ঝালকাঠি-২ আসনে জামায়াত মনোনীত প্রার্থী এস এম নেয়ামুল করিম, ঝালকাঠি-১ আসনের প্রার্থী ড. ফয়জুল হক, বাংলাদেশ লেবার পার্টির চেয়ারম্যান ডা. মুস্তাফিজুর রহমান ইরান, এবি শ্রমিক পার্টির যুগ্ম সমন্বয়ক শেখ জামাল হোসেন এবং ঝালকাঠি এনসিপির আহ্বায়ক মাইনুল ইসলাম মান্না। ?জেলা জামায়াতের আমির অ্যাডভোকেট হাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই জনসভায় জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন নেতারা বক্তব্য দেন।

## নির্বাচনি প্রচারের সময় বিএনপি-জামায়াত সংঘর্ষ, আহত ৮

**মনপুরা প্রতিনিধি**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোলার দ্বীপ উপজেলা মনপুরায় নির্বাচনি প্রচারের সময় বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের অন্তত আটজন আহত হয়েছেন। খবর পেয়ে নৌবাহিনী ও পুলিশ সদস্যরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। শুক্রবার সকাল সাড়ে ৮টার দিকে উপজেলার উত্তর সাকুচিয়া ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডে এ ঘটনা ঘটে বলে জানান মনপুরা থানার ওসি শেখ ফরিদ উদ্দিন। আহতরা স্থানীয়ভাবে চিকিৎসা নিয়েছেন। তবে তাৎক্ষণিক তাদের নাম-পরিচয় জানা যায়নি। জামায়াতের উত্তর সাকুচিয়া ইউনিয়ন সেক্রেটারি আব্দুর রহিমের অভিযোগ, নির্বাচনি প্রচারের অংশ হিসেবে ভোট চাইতে গেলে বিএনপির লোকজন বাধা দেয়। এ নিয়ে কথা-কাটাকাটির এক পর্যায়ে সংঘর্ষে জড়ায় দুপক্ষ। এতে জামায়াতের পাঁচ কর্মী আহত হন। অন্যদিকে একই ইউনিয়নের বিএনপির জ্যেষ্ঠ সহসভাপতি কামাল উদ্দিন বলেন, "ভোট চাওয়ার নামে জামায়াতের নেতাকর্মীরা সংঘবদ্ধভাবে বিএনপির নেতাকর্মীদের ওপর হামলা চালায়। এতে বিএনপির তিন থেকে চারজন নেতাকর্মী আহত হন।" মনপুরা উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম ফরাজি বলেন, "বিএনপির নেতাকর্মীরা একটি বাড়িতে ভোট চাইতে গেলে, সেখানে জামায়াতের নেতারাও উপস্থিত হন। এ সময় দুপক্ষের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে।" ওসি শেখ ফরিদ উদ্দিন বলেন, সংঘর্ষের খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। পরে নৌবাহিনীর সদস্যরাও ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। তবে এ ঘটনায় কোনো পক্ষ এখনো থানায় লিখিত অভিযোগ দেয়নি; পেলে আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি। মনপুরা ও চরফ্যাশন উপজেলা নিয়ে গঠিত ভোলা-৪ আসনে বিএনপি থেকে মোহাম্মদ নূরুল ইসলাম নয়ন এবং জামায়াতে ইসলামী থেকে মোহাম্মদ মোস্তফা কামাল প্রতিদ্বন্দ্বিতা করছেন।

## এখনো জাতীয় নির্বাচন নিয়ে শঙ্কায়

অতীতে জনগণের ভোটাধিকার কেড়ে নেওয়ার যে সংস্কৃতি তৈরি হয়েছে, তা থেকে উত্তরণ না ঘটলে প্রকৃত জনমতের প্রতিফলন ঘটবে না। জুমার পর বরিশাল নগরীর জনবহুল এলাকাগুলোতে নেতাকর্মীদের নিয়ে প্রচারণা চালান ফয়জুল করীম। এ সময় তিনি সাধারণ মানুষের সঙ্গে কুশল বিনিময় করেন এবং লিফলেট বিতরণ করেন। গণসংযোগকালে তাকে দেখতে রাস্তার দুই পাশে উৎসুক মানুষের ভিড় জমে। ?পথসভা ও গণসংযোগের সময় মুফতি ফয়জুল করীম ভোটারদের উদ্দেশে বলেন, দেশের মানুষ ফ্যাসিবাদ ও দুর্নীতির হাত থেকে মুক্তি চায়। বরিশাল-৫ আসনের মানুষ যদি নির্ভয়ে ভোটকেন্দ্রে যেতে পারে এবং তাদের আমানত রক্ষা পায়, তবে ইনশাআল্লাহ হাতপাখার বিজয় নিশ্চিত। আমি প্রশাসন ও নির্বাচন কমিশনের প্রতি আহ্বান জানাই, যেন সাধারণ ভোটাররা কোনো ভয়ভীতি ছাড়া ভোট দিতে পারেন। ?বরিশাল-৫ আসনে মুফতি ফয়জুল করীমের পাশাপাশি বিএনপি ও অন্যান্য দলের প্রার্থীরাও প্রচারণায় সক্রিয় রয়েছেন। তবে ভোটের দিন ঘনিয়ে আসার সাথে সাথে নিরাপত্তা ও সুষ্ঠু পরিবেশের দাবি আরও জোরালো হচ্ছে।

## সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন

বলেন, ভোলা জেলার প্রতিটি স্থানে কোস্টগার্ডের টহল কার্যক্রম জোরদার করা হয়েছে। সাধারণ মানুষ যাতে নিশ্চিন্তে ভোটকেন্দ্রে গিয়ে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন, সেই পরিবেশ তৈরিতে আমরা কাজ করছি। কোনো দুষ্কৃতকারী যদি ভোটের পরিবেশ নষ্ট করার চেষ্টা করে, তবে তাদের চিহ্নিত করে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে। নির্বাচনি নিরাপত্তায় এবার বেশ কিছু আধুনিক প্রযুক্তির ব্যবহারের কথা জানিয়ে তিনি বলেন, চরাঞ্চলসহ দুর্গম এলাকায় নজরদারির জন্য আমরা ড্রোন ব্যবহার করব। এছাড়া ভোলার বিচ্ছিন্ন চরাঞ্চলের ভোটার ও নিরাপত্তা নিশ্চিত করতে দ্রুতগামী বোট এবং লঞ্চের বিশেষ ব্যবস্থা রাখা হবে। এসময় আরও উপস্থিত ছিলেন কোস্টগার্ড দক্ষিণ জোনের জোনাল কমান্ডার ক্যাপ্টেন মো. আরিফ হোসেন, ভোলা জেলা প্রশাসক ডা. শামীম রহমান, ভোলা পুলিশ সুপার মো. শহিদুল্লাহ কাওছারসহ প্রমুখ।

## নদী ভাঙন রোধ ও স্বাস্থ্যসেবার উন্নয়ন

কোনো হাসি ছিল না। এ সময়ে মানুষ কথা বলতে পারেনি, ভোটাধিকার ছিল না। মামলা, দুর্নীতি আর ভয়ভীতি ছিল নিত্যদিনের সঙ্গী। দীর্ঘ ১৭ বছর বিএনপি ও অন্যান্য রাজনৈতিক দলের আন্দোলনের ফলে আজ দেশে একটি শান্তিপূর্ণ ও সুষ্ঠু নির্বাচনের পরিবেশ সৃষ্টি হয়েছে। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) সকালে বাবুগঞ্জ উপজেলা কেদারপুর ইউনিয়ন রাজগুরু নতুনচর আয়োজিত নির্বাচনি জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। জয়নুল আবেদীন আরো বলেন, এ নির্বাচনের মাধ্যমে আমরা ভোটাধিকার ফিরে পেয়েছি। আমরা চাই জনগণের উন্নয়ন, দুর্নীতি ও মাদকমুক্ত সমাজব্যবস্থা। চোরাচালান ও মামলা বাণিজ্য চাই না। কৃষি ও স্বাস্থ্যসেবার উন্নয়ন নিশ্চিত করতে চাই। এ সময় তিনি প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের উদ্দেশে সমালোচনা করে বলেন, একজন জেলখানায় বসে ষড়যন্ত্র করছে' এবং আরেকজন জনগণের কাছ থেকে আর্থিক সহায়তা চেয়ে নির্বাচনে টিকে থাকার চেষ্টা করছেন বলে মন্তব্য করেন। নিজের বিষয়ে তিনি বলেন, আমি এই মাটির সন্তান, আপনাদের পাশে আছি এবং থাকব। এসময় নির্বাচনী সভায় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সদস্য সচিব ওয়াহিদুল ইসলাম প্রিন্স,সাবেক উপজেলা বিএনপি সভাপতি ইসরাত হোসেন কচি তালুকদার, বিএনপি নেতা আবুল কালাম আজাদ। বাবুগঞ্জ উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহবায়ক রফিকুল ইসলাম রাফিল, কেদারপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মো. কামাল হাওলাদার, সাধারণ সম্পাদক মো. মোস্তফা দুয়ারী, রহমতপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুল করিম হাওলাদার, সাধারণ সম্পাদক মো. রাজন শিকদার, কেদারপুর ইউনিয়ন যুবদলের সভাপতি কামরুল ইসলাম, বরিশাল মহানগর ছাত্রদলের সহ-সভাপতি আজিজুল ইসলাম, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আতিকুর রহমান আল আমিন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আকিব হোসেন ইমরান ও সদস্য সচিব আরাফাত হোসেন মৃধাসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী।

## বরিশাল-১ আসনে ধানের

সুমন খান, সাদ্দাম বাজার এলাকার মুনসুর আলী হাওলাদারের ছেলে রাসেল হাওলাদার, ধানডোবা গ্রামের গফুর ফকিরের ছেলে শাহজাহান ফকির। তারা ধানের শীষের প্রার্থীর সমর্থক। নোটিশে জহির উদ্দিন স্বপনকে সশরীরে অথবা উপযুক্ত কোনো প্রতিনিধিকে আগামী ৮ ফেব্রুয়ারি সকাল ১০টায় বরিশাল জেলা ও দায়রা জজ আদালত ভবনে হাজির হয়ে লিখিত ব্যাখ্যা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। বাকিদের সশরীরে হাজির হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এ বিষয়ে ধানের শীষের প্রার্থী জহির উদ্দীন স্বপনের মিডিয়া সেলের দায়িত্বে থাকা মো. জহিরুল হক জহির বলেন, "নোটিশের বিষয়ে জানা নেই। এ আসনে নির্বাচনি পরিবেশ শান্ত আছে।"

## সেনাবাহিনীর অভিযানে

বানারীপাড়া আর্মি ক্যাম্পের আওতাধীন ৭ পদাতিক ডিভিশনের ৬ পদাতিক ব্রিগেডের অন্তর্গত ৬২ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের একটি দল লেফটেন্যান্ট মো. মাহফুজুর রহমান ও সিনিয়র ওয়ারেন্ট অফিসার করিমুল হাসানের নেতৃত্বে অভিযানটি পরিচালনা করেন। অভিযানকালে একটি বাড়িতে জুয়া খেলার খবর পেয়ে সেনাবাহিনীর সদস্যরা সেখানে হানা দেন। এ সময় জুয়া খেলার সরঞ্জামসহ ছয়জনকে হাতেনাতে আটক করা হয়। আটককৃতরা হলেন বিশারকান্দি ইউনিয়নের উমারেরপাড় গ্রামের ৭ নম্বর ওয়ার্ডের এনামুল হক (৬২), ৮ নম্বর ওয়ার্ডের মাসুম রানা (৩০), নজরুল ইসলাম (৪০) ও ছালাম হাওলাদার (৪৫), ইলুহার ইউনিয়নের মলুহার গ্রামের ৯ নম্বর ওয়ার্ডের আব্দুর রহমান (৫৯) এবং মেহেদী হাসান (৩৯)। অভিযানের সময় ঘটনাস্থল থেকে ৬টি মোবাইল ফোন, নগদ ১০ হাজার ৫২৭ টাকা এবং জুয়া খেলার বিভিন্ন উপকরণ জব্দ করা হয়। সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়, এলাকায় অবৈধ কার্যক্রম দমনে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। জুয়া ও মাদকসহ সকল প্রকার অপরাধ নির্মূলে সেনাবাহিনীর এই তৎপরতা অব্যাহত থাকবে। আটককৃতদের পরবর্তীতে বানারীপাড়া থানায় হস্তান্তর করা হয় এবং এ ঘটনায় সংশ্লিষ্ট আইনে মামলা দায়ের করা হয়েছে।

## বরিশাল মহানগর ছাত্রলীগের

ঘনিষ্ঠ সহযোগী রিশাদ আহমেদ নাদিম, লাকুটিয়া সড়ক এলাকার বাসিন্দা পারভেজ হাওলাদার, নগরীর চাঁদমারি কলোনির শান্ত ইসলাম, কাউনিয়া এলাকার মেহেদী হাসান সম্পদ, একই এলাকার মিজানুর রহমান শাওন, মামুন হাওলাদার, আল আমিন হাওলাদার, রাসেদ হাওলাদার, কাউনিয়া প্রথম গলির ইমরান হোসেন সজিব ও জানুকিসিংহ রোডের ফাহিম। তারা সবাই নিষিদ্ধ ছাত্রলীগের নেতাকর্মী। মামলার নথি অনুযায়ী, ২০২৩ সালে অনুষ্ঠিত বরিশাল সিটি করপোরেশন নির্বাচনের সময় আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী আবুল খায়ের আব্দুল্লাহ খোকন সেরনিয়াবাতের কর্মীদের ওপর হামলার অভিযোগে তাদের বিরুদ্ধে মামলা করা হয়। বেঞ্চ সহকারী জানান, ২০২৩ সালের ১৪ মে রাতে নগরীর কাউনিয়া মহাশ্মশানের সামনে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থীর চার কর্মীকে মারধর করা হয়। এ ঘটনায় ওই রাতেই র?্যাব ও পুলিশের যৌথ অভিযানে ১৩ জনকে আটক করা হয়। পরে আহত মনা আহম্মেদ বাদী হয়ে কাউনিয়া থানায় মামলা করেন। মামলায় ২১ জনের নাম উল্লেখসহ অজ্ঞাতনামা আরও ৪০ থেকে ৫০ জনকে আসামি করা হয়েছিল।

## তালতলীতে সংঘবদ্ধ ধর্ষণের

বলে জানিয়েছে পুলিশ। এর আগে, বুধবার (৫ ফেব্রুয়ারি) বিকেলে বরগুনার আমতলী উপজেলা এলাকা থেকে প্রধান আসামি হিরুনকে গ্রেপ্তার করে র?্যাব। পরে রাতেই তাকে তালতলী থানায় হস্তান্তর করা হয়। ভুক্তভোগী নারীর পরিবার সূত্রে জানা গেছে, পটুয়াখালীর কলাপাড়া উপজেলার মহিপুর এলাকায় একটি মাছ প্রক্রিয়াজাতকরণ কারখানায় কাজ করতেন ওই নারী। সেখানে তালতলী উপজেলার পঁচাকোড়লিয়া ইউনিয়নের মানিক হাওলাদারের ছেলে হিরুনের সঙ্গে তার পরিচয় হয়। একপর্যায়ে হিরুন তাকে বিয়ের প্রস্তাব দেন এবং সম্পর্ক গড়ে ওঠে। পরিবারের বিশ্বাস অর্জনের জন্য হিরুন একসময় ভুক্তভোগী নারী ও তার মাকে নিয়ে কুয়াকাটায় যান এবং বিয়ের বিষয়ে আলোচনা করেন। দ্রুত পরিবারের সঙ্গে কথা বলে বিয়ে সম্পন্ন করবেনড়এমন আশ্বাস দেন তিনি। তার কথায় বিশ্বাস করে গত মঙ্গলবার (৪ ফেব্রুয়ারি) সন্ধ্যায় হিরুনের সঙ্গে মহিপুর থেকে তালতলীর পঁচাকোড়লিয়া ইউনিয়নের বরপাড়া এলাকায় যান ভুক্তভোগী নারী। ভুক্তভোগীর অভিযোগ, পরিবারের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার কথা বলে হিরুন তাকে নিজের বাড়িতে নিয়ে যান। পরে রাতে হিরুনসহ আরও তিন থেকে চারজন ব্যক্তি তাকে জোরপূর্বক একাধিকবার ধর্ষণ করেন। ঘটনার পর ভুক্তভোগীর পরিবার তালতলী থানায় চারজনকে আসামি করে একটি ধর্ষণ মামলা দায়ের করে। তালতলী থানার অফিসার ইনচার্জ (ওসি) আশাদুর রহমান বলেন, "র‌্যাব প্রধান আসামিকে গ্রেপ্তার করে আমাদের কাছে হস্তান্তর করেছে। তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। মামলার অন্য আসামিদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।"

## বিএনপি ক্ষমতায় গেলে দেশে

জামায়াতে ইসলামীর দিকে ইঙ্গিত দিয়ে বলেন, দাড়িপাল্লা বা ফুলকপিতে ভোট দিলে বেহেশতে যাবে বলে প্রচার করছে।নাউজুবিল্লাহ।জামায়াতে ইসলামী একটি কট্টর বাদী দল। এই কট্টরবাদী দল যদি বাংলাদেশের ক্ষমতায় আসে তাহলে আমরা বহিবিশ্বের আগ্রাসনের শিকার হবো। এই দেশকে তারা তালেবানী রাস্ট্র বানাবে। জনসভায় শম্ভুপুর ইউনিয়ন বিএনপির সভাপতি কামরুজ্জামান জান্টুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোঃ সাখাওয়াত হাওলাদারের সঞ্চালনায় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি'র সভাপতি মোঃ গোলাম মোস্তফা মিন্টু, সম্পাদক ওমর আসাদ রিন্টু, সাবেক সভাপতি একেএম মহিবুল্লাহ নাগর,সাবেক সাধারণ সম্পাদক জাকির হোসেন হাওলাদারসাহ উপজেলার বিএনপির বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতাকর্মীগণ।

## পাকিস্তানে মসজিদে আত্মঘাতী

পেশোয়ারে একটি মসজিদে ভয়াবহ বিস্ফোরণ হয়েছিল। ওই ঘটনার পর আজকে পাকিস্তানে কোনো মসজিদে বিস্ফোরণে সবচেয়ে বেশি হতাহতের ঘটনা ঘটল। প্রাথমিক তদন্তে জানা গেছে, পাকিস্তান তেহরিক-ই-তালেবানের (টিটিপি) এক সন্ত্রাসী বোমার বিস্ফোরণ ঘটিয়েছে। তবে এখনো কোনো গোষ্ঠী হামলার দায় স্বীকার করেনি বলে জানিয়েছে পুলিশ। সংবাদমাধ্যম সিএনএনকে পুলিশ জানিয়েছে, জুমার নামাজের সময় আত্মঘাতী হামলাকারী বিস্ফোরণ ঘটায়। বার্তাসংস্থা এএফপিকে একটি সূত্র নাম প্রকাশ না করার শর্তে জানিয়েছেন, হামলকারীকে মসজিদের প্রবেশদ্বারে আটকে দেওয়া হয়। তখন তিনি নিজের শরীরে থাকা বোমার বিস্ফোরণ ঘটান। ইসলামাবাদ প্রশাসন এক বিবৃতিতে জানিয়েছে, তারা চিকিৎসার জন্য ১৬৯ জনকে হাসপাতালে পাঠিয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত ভিডিওতে দেখা গেছে, মসজিদের ভেতর মানুষের মরদেহ ছড়িয়ে ছিটিয়ে পড়ে আছে। আর মসজিদের জানালার গ্লাসগুলো সব ভেঙে গেছে। পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ এ ঘটনায় দুঃখ প্রকাশ করেছেন। গত বছরের নভেম্বরে এক আত্মঘাতী বোমা হামলাকারী ইসলামাবাদ ডিস্ট্রিক জুডিশিয়াল কমপ্লেক্সের গেটে নিজেকে উড়িয়ে দেন। এতে ১২ জন নিহতসহ কয়েক ডজন মানুষ আহত হন। এছাড়া ২০০৮ সালে এক হামলাকারী ইসলামবাদের ম্যারিয়ট হোটেলের সামনে ময়লার ট্রাকে বিস্ফোরণ ঘটায়। এতে ৬৩ জন নিহত এবং ২৫০ জনের বেশি মানুষ আহত হয়েছিলেন।

## বাংলাদেশ-জাপান অর্থনৈতিক

শুল্কমুক্ত সুবিধা ভোগ করবে। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) জাপানের পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন এবং জাপানি পররাষ্ট্র প্রতিমন্ত্রী হোরি ইওয়াও নিজ নিজ সরকারের পক্ষে চুক্তিতে সই করেন। তথ্য অধিদপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। অনুষ্ঠানে বাণিজ্য সচিব মাহবুবুর রহমান, জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. দাউদ আলী, বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত সাইদা শিনিচিসহ উভয় দেশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পণ্য ও সেবা বাণিজ্য, বিনিয়োগ এবং অর্থনৈতিক সহযোগিতা বিষয়ে ঢাকা ও টোকিওতে অনুষ্ঠিত সাত দফা আলোচনার ফলাফল এ চুক্তি। অনুষ্ঠানে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন চুক্তিটিকে দুই দেশের মধ্যে বিদ্যমান দীর্ঘস্থায়ী বন্ধুত্বের প্রতিফলন হিসেবে বর্ণনা করেন। তিনি বলেন, 'এ ইপিএ কেবল একটি বাণিজ্যিক দলিল নয়, এটি বাংলাদেশের উজ্জ্বল অর্থনৈতিক ভবিষ্যৎ এবং আমাদের দুই দেশের মধ্যে গভীর পারস্পরিক আস্থার বহিঃপ্রকাশ।' তিনি আশাবাদ ব্যক্ত করেন, এই চুক্তির কার্যকর বাস্তবায়ন পারস্পরিক সমৃদ্ধির এক নতুন অধ্যায় শুরু করবে। চুক্তিটির অধীনে বাংলাদেশ পণ্য ও সেবা উভয় বাণিজ্যে উল্লেখযোগ্য সুবিধা পাবে। তৈরি পোশাকসহ সাত হাজার ৩৭৯টি বাংলাদেশি পণ্য জাপানের বাজারে ১০০ শতাংশ শুল্কমুক্ত সুবিধা ভোগ করবে। বিনিময়ে বাংলাদেশও জাপানের জন্য তার বাজার সম্প্রসারিত করছে। এখানে এক হাজার ৩৯টি জাপানি পণ্য পর্যায়ক্রমে শুল্কমুক্ত বা অগ্রাধিকারমূলক সুবিধা পাবে। চুক্তির আওতায় পোশাক খাতে 'সিঙ্গেল স্টেজ ট্রান্সফরমেশন' সুবিধা যুক্ত হওয়ায় এখন থেকে কাঁচামাল নিয়ে কোনো জটিল শর্ত ছাড়াই বাংলাদেশি পোশাক খুব সহজে জাপানে রপ্তানি করা যাবে। এর পাশাপাশি, জাপানের আইটি, ইঞ্জিনিয়ারিং, শিক্ষা, কেয়ারগিভিং ও নার্সিংয়ের মতো প্রায় ১৬টি বিভাগে ১২০টি সেবা খাতে বাংলাদেশি দক্ষ পেশাজীবীদের কাজ করার সুযোগ তৈরি হবে, যা দেশের মানুষের জন্য জাপানে অধিক কর্মসংস্থান নিশ্চিত করবে। অন্যদিকে বাংলাদেশ জাপানের জন্য ১২টি বিভাগের আওতায় ৯৮টি উপখাত উন্মুক্ত করতে সম্মত হয়েছে। বাণিজ্যের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি চুক্তিটি উৎপাদন, অবকাঠামো, জ্বালানি, লজিস্টিকস প্রভৃতি খাতে জাপানি বিনিয়োগ (এফডিআই) বৃদ্ধি করবে বলে আশা করা হচ্ছে। জাপানি উন্নত প্রযুক্তি ও বিনিয়োগ হলে দেশীয় পণ্যের মান বৃদ্ধি পাবে, যা বাংলাদেশকে বিশ্বব্যাপী আরও প্রতিযোগিতামূলক করে তুলবে। এছাড়া, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এসএমই) বিকাশ এবং একটি দক্ষ জনশক্তি তৈরির মাধ্যমে এই চুক্তি অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সামগ্রিকভাবে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য একটি শক্তিশালী হাতিয়ার হিসেবে কাজ করবে।

## বরিশাল বিভাগের শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষকের পুরস্কার পেলেন আব্দুল হালিম

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল বিভাগের শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক (মাধ্যমিক) হিসেবে সম্মাননা স্মারক (ক্রেস্ট) গ্রহণ করছেন পটুয়াখালী সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়র সিনিয়র শিক্ষক (ইংরেজি) জনাব মোঃ আব্দুল হালিম। বৃহস্পতিবার বরিশাল বিভাগীয় কমিশনারের কার্যালয়ে জনাব মোঃ আহসান হাবিব (অতিরিক্ত বিভাগীয় কমিশনার) তার হাতে এই পুরস্কার তুলে দেন। সম্মানিত অতিথিবৃন্দ হিসেবে আরও উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বরিশাল বিভাগের পরিচালক (প্রফেসর মোঃ জাকির হোসেন) মহোদয়, বিএম কলেজের অধ্যক্ষ মহোদয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তরের বরিশাল বিভাগের উপ-পরিচালক (জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন) মহোদয় ও সহকারী পরিচালকবৃন্দ (জনাব মোঃ এবাদুল ইসলাম ও জনাব মোঃ শামীম হোসেন)। জাতীয় শিক্ষা সপ্তাহ -২০২৬ উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে তিনি এই অনন্য কৃতিত্ব অর্জন করেন। তিনি সকল অতিথি, বিজ্ঞ বিচারক ও শুভানুধ্যায়ীর প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

## ভাণ্ডারিয়ায় গুরুত্বপূর্ণ পয়েন্টে বসানো হয়েছে চেকপোস্ট

**ভাণ্ডারিয়া প্রতিনিধি**

সারা দেশের ন্যায় আগামী ১২ই ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন- ২০২৬ এবং গণভোট অবাধ, সুষ্ঠু এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলায় ব্যাপক নিরাপত্তা প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। গুরুত্বপূর্ণ পয়েন্টে বসানো হয়েছে চেকপোস্ট। কারন এ উপজেলাটি দক্ষিণ, পশ্চিম, উত্তর এবং দক্ষিণ জনপদের মধ্যবর্তী হওয়ায় উপজেলার গুরুত্বপূর্ণ প্রতিটি পয়েন্টে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিভিন্ন ইউনিটের সমন্বয়ে এক কঠোর নিরাপত্তা বলয় তৈরি করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। কোন বহিরাগত নাষকতা সৃষ্টিকারী গোষ্ঠি যাতে নির্বাচনকালীন আইনশৃঙ্খলা পরিস্থিতি বিনষ্ট করতে না পারে তা নিয়ন্ত্রণে রাখতে মাঠ পর্যায়ে, ভাণ্ডারিয়া সেনাক্যাম্পসহ মোট ৪ প্লাটুন সেনাবাহিনী মোতায়েন করা হয়েছে। এর মধ্যে ৩ প্লাটুন সরাসরি উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্ট ও বিভিন্ন ইউনিয়নে টহল দেবে এবং ১ প্লাটুন সেনাসদস্যকে 'রিজার্ভ ফোর্স' হিসেবে রাখা হয়েছে, যারা যেকোনো জরুরি প্রয়োজনে তাৎক্ষণিক সাড়া দেবে। আইনশৃঙ্খলায় সহায়তার জন্য থানা পুলিশেরে পাশাপাশি সেনাবাহিনী ছাড়াও র‌্যাব ১ প্লাটুন, বিজিবি ১ প্লাটুন, পুলিশ ৫ প্লাটুন এবং আনসার ব্যাটালিয়ার ১ প্লাটুন মোতায়েন করা হয়েছে বলেও জানা গেছে। এদিকে কেবল মাঠ পর্যায়ের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনি নয়, ভিজিলেন্সটিম, স্ট্রাইকিং ফোর্সসহ চার স্তরের নিরাপত্তাকর্মীরা মাঠে থাকবেন। নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগণ নির্বাচনী আচরণবিধি সঠিক ভাবে পালন করছেন কিনা তা কঠোরভাবে তদারকি করতে এবং আচরণবিধি অমান্যকারীদের বিরুদ্ধে তাৎক্ষণিক ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করার জন্য পাঁচ (৫) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ দেওয়ার কথা রয়েছে বলে সহকারী রিটার্নিং কর্মকর্তা এবং নির্বাচন কার্যালয় সূত্রে জানাগেছে। আইন অমান্যকারীদের বিরুদ্ধেও তাৎক্ষণিক ব্যবস্থা নেবেন বলেও জানানো হয়েছে। অন্যদিকে সেনাবাহিনীর পাশাপাশি আন্যান্য আইনশৃঙ্খলা বাহিনি মোতায়েন করা ভাণ্ডারিয়ার সাধারণ ভোটারদের মধ্যে ব্যাপক স্বস্তি ফিরে এসেছে। স্থানীয় বিভিন্ন শ্রেণিপেশার একাধিক ভোটারের সাথে আলাপকালে মিলন শরিফ জানিয়েছেন, সেনাবাহিনী, র‌্যাব ও বিজিবির এই সমন্বিত উপস্থিতি তাদের মনে নির্ভয়ে ভোটকেন্দ্রে যাওয়ার সাহস জোগাচ্ছে। বিশেষ করে রিজার্ভ ফোর্সের ব্যবস্থা থাকায় যেকোনো অনাকাঙ্খিত পরিস্থিতি মোকাবিলায় প্রশাসনের সক্ষমতা নিয়ে সাধারণ মানুষ আশ্বস্ত হয়েছে। এবিষয়ে উপজেলা সহকারী রিটার্নিং অফিসার, উপজেলা নির্বাহী নির্বাহী কর্মকর্তা রেহেনা আক্তার জানান, ভাণ্ডারিয়া উপজেলাটি ভৌগোলিক গুরুত্ব বিবেচনায় নিয়ে প্রতিটি গুরুত্বপূর্ণ মোড় ও কেন্দ্রগুলোতে নজরদারি বাড়ানো হয়েছে। সাধারণ মানুষের মধ্যে আস্থার পরিবেশ তৈরি করতে সেনাবাহিনীর নিয়মিত টহল অব্যাহত রাখছেন। এছাড়া নির্বাচন কেন্দ্রিক কোনো প্রকার বিশৃঙ্খলা, গুজব ছড়ানো বা নাশকতামূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ করা হয়েছে। সেনাবাহিনীর পাশাপাশি পুলিশ, বিজিবি ও র‌্যাবের টহলও নিয়মিত রয়েছে। কোনো অপ্রীতিকর পরিস্থিতির খবর পাওয়া মাত্রই তার সত্যতা যাচাই করে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।

## পিরোজপুরে জামায়াত আমিরের জনসভায় মানুষের ঢল

**পিরোজপুর প্রতিনিধি**

পিরোজপুরের সরকারি বালক স্কুল মাঠে আয়োজিত নির্বাচনী জনসভায় পৌঁছেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) দুপুর ২.৫০ মিনিটে তিনি হেলিকপ্টারযোগে পিরোজপুরে আসেন এবং বেলা ৩টায় সমাবেশ মঞ্চে উপস্থিত হন। সকাল থেকেই পিরোজপুরের বিভিন্ন এলাকা থেকে খণ্ড খণ্ড মিছিল নিয়ে জনসভাস্থলে জড়ো হতে থাকেন দলটির বিপুল সংখ্যক নেতাকর্মী ও সাধারণ মানুষ। আমিরের আগমনে সভাস্থল কানায় কানায় পূর্ণ হয়ে যায়। মাঠ ছাড়িয়ে আশেপাশের সড়কেও মানুষের ভিড় লক্ষ করা গেছে। মঞ্চে উঠার পর ডা. শফিকুর রহমান হাত নেড়ে উপস্থিত নেতাকর্মীদের অভিবাদন জানান। পিরোজপুর জেলা আমির অধ্যক্ষ তাফাজ্জল হোসাইন ফরিদ এর সভাপতিত্বে এই জনসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখবেন ডা. শফিকুর রহমান। এই সভায় কেন্দ্রীয় ও জোটের শীর্ষ নেতাদের এক বিশাল বহর উপস্থিত থাকার কথা রয়েছে। জনসভায় আমন্ত্রিত অতিথিদের মধ্যে রয়েছেন জামায়াতের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মোয়াজ্জেম হোসেন হেলাল, জাতীয় গণতান্ত্রিক পার্টির (জাগপা) মুখপাত্র আল রাশেদ প্রধান, এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া এবং কেন্দ্রীয় যুগ্ম সদস্যসচিব মাহমুদা আক্তার মিতুসহ স্থানীয় ও কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

## ছাত্রশিবিরের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ববিতে বর্ণাঢ্য আয়োজন

**ববি প্রতিনিধি**

বরিশাল বিশ্ববিদ্যালয় (ববি) শাখা ইসলামী ছাত্রশিবিরের উদ্যোগে ৪৯ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়েছে। সকাল ৯:০০ টায় বিশ্ববিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোরে বর্ণাঢ্য র‍্যালি শুরু হয়ে বরিশাল- কুয়াকাটা মহাসড়ক ও পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে আবার সেখানে এসেই শেষ হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের সভাপতি মনিরুল ইসলামের নেতৃত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের কেন্দ্রীয় কার্যকরী পরিষদের সদস্য নেয়ামুল হাসান নাঈম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয় সাবেক সভাপতি আমিনুল ইসলাম। বর্ণাঢ্য র‍্যালিতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের ছাত্র শিবিরের নেতাকর্মীরা বিভিন্ন প্ল্যাকার্ড হাতে নিয়ে অংশগ্রহণ করেন। প্ল্যাকার্ডে জাস্টিস ফর হাদী, গণভোটে হ্যাঁ, চাঁদাবাজি কে না, নারী নিপীড়ন বন্ধ করুন লেখা লক্ষ্য করা গিয়েছে। এছাড়াও নারায়ে তাকবীর- আল্লাহু আকবার, আমরা সবাই হাদী হবো-যুগে যুগে লড়ে যাব, এবং তাদের দলীয় অনেক স্লোগান লক্ষ্য করা গিয়েছে। প্রধান অতিথি বক্তব্য নেয়ামুল হাসান নাঈম বলেন,"একটি দল বাংলাদেশকে আবারও অস্থিতিশীল রাষ্ট্রে পরিণত করার পায়তারা চালাচ্ছে কিন্তু বাংলাদেশের তরুণ সমাজ সচেতন হয়েছে তা কখনো মেনে নিবে না।" বিশেষ অতিথি হিসেবে আমিনুল ইসলাম বলেন,"বিভিন্ন ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রশিবিরের ভূমিধস বিজয় প্রমাণ করে দিয়েছে ছাত্রশিবির ছাত্রদের অধিকার নিয়ে কাজ করে। আগামী নির্বাচনে ইনসাফ কায়েমের মাধ্যমে বাঙালি নতুন পদযাত্রা শুরু করবে বলে জানিয়েছেন।" বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি মনিরুল ইসলাম বলেন, "ছাত্রশিবির প্রতিষ্ঠালগ্নের পর থেকেই ছাত্রশিবির জুলুমের শিকার হয়েছে। ফ্যাসিস্ট হাসিনা শিবিরকে দমিয়ে রাখতে পারেনি আপনারা ভবিষ্যতে কেউ এ চেষ্টা করবেন না।

## বিএনপি ক্ষমতা পেলে হিন্দুদের শতভাগ নিরাপত্তা দেবে- নুরুল ইসলাম মনি

**বরগুনা প্রতিনিধি**

বিএনপির ভাইস চেয়ারম্যান ও বরগুনা-২ (বামনা, পাথরঘাটা ও বেতাগী) সংসদীয় আসনের ধানের শীষ প্রতীকের মনোনীত প্রার্থী নুরুল ইসলাম মনি বলেছেন, হিন্দু সম্প্রদায়ের ভাই-বোনদের জন্য একটি পরিষ্কার বক্তব্য আছে। প্রথমত, তারা চায় জীবনের নিরাপত্তা। এরপর তারা জানমাল এবং ধর্মের নিরাপত্তা চায়। আগামী নির্বাচনে যদি বিএনপি ক্ষমতায় আসে এবং আমি যদি এমপি হই, তাহলে বরগুনা-২ আসনে সব হিন্দুদের জীবনের শতভাগ নিরাপত্তা দেওয়া হবে। আর কেউ যদি হিন্দুদের দিকে বাঁকা চোখে তাকায়, তাহলে তাদের চোখ উপড়ে ফেলা হবে। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) সন্ধ্যায় বরগুনার বামনা উপজেলার রামনা শেরে বাংলা উচ্চ বিদ্যালয় মাঠে বিএনপির জনসভায় তিনি এসব কথা বলেন। নুরুল ইসলাম মনি বলেন, এই সংসদীয় আসনে আমার আমলে কোনো চাঁদাবাজি ছিল না এবং কোনো চাঁদাবাজের স্থান বরগুনা-২ আসনে হয়নি। এই এলাকার সব উন্নয়নে আমার অবদান রয়েছে। বিগত দিনে কোনো কাজের বিনিময়ে আমি যদি কারো কাছ থেকে কোনো ঘুস খেয়ে থাকি, তাহলে আপনারা আমাকে ভোট দেবেন না। আর যদি ভালো কাজ করে থাকি, আপনারা আমাকে ভোট দিয়ে জয়যুক্ত করবেন। নুরুল ইসলাম মনি তার নির্বাচনি জনসভায় বলেন, আগামী ১২ তারিখ ভোর ছয়টায় আপনারা সবাই ভোটকেন্দ্রে যাবেন। আমি যদি যোগ্য হই, তাহলে আপনারা আমাকে ভোট দিয়ে নির্বাচিত করবেন। আমি ধানের শীষের একজন প্রার্থী। ধানের শীষে ভোট দেবেন কেনড় ভোটারদের কাছে এই প্রশ্ন রেখে তিনি বলেন, আমি নুরুল ইসলাম মনি। আপনারা সবাই আমাকে চেনেন। কিন্তু দাঁড়িপাল্লার প্রার্থী সুলতান সাহেবকে আপনারা কয়জন চেনেন? এই স্কুল মাঠ আমি বানিয়েছি, আমি এই মাঠে শতবার এসেছি। কিন্তু সুলতান সাহেব কতবার এসেছেন, আপনারা বলেন। একবারও তিনি আসেননি। জনসভায় উপস্থিত ছিলেন বামনা উপজেলা বিএনপির নির্বাচন কমিটির আহ্বায়ক ইঞ্জিনিয়ার আবুল কালাম আজাদ রানা, সদস্য সচিব ও শিল্পপতি মো. রুহুল আমিন শরিফ, উপজেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক সালাহউদ্দিন হাওলাদারসহ উপজেলা বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতারা।

## হিজলায় ইসলামী আন্দোলনের জ্যেষ্ঠ নেতা বহিষ্কার

**হিজলা প্রতিনিধি**

দলীয় শৃঙ্খলা ভঙ্গ ও সংগঠনের স্বার্থবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে বরিশালের হিজলা উপজেলায় ইসলামী আন্দোলনের হরিনাথ ইউনিয়ন নির্বাচনী সমন্বয়ক ও জাতীয় শিক্ষক ফোরাম বরিশাল জেলার প্রচার ও দাওয়াহ বিষয়ক সম্পাদক মাওলানা মোঃ মুজাম্মেল হক কে প্রাথমিক সদস্যপদ সহ স্থায়ীভাবে দল থেকে বহিষ্কার করা হয়েছে। বিকালে উপজেলার খুন্না বন্দরে নির্বাচনী কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ সিদ্ধান্তের বিষয়টি আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন ইসলামী আন্দোলনের হিজলা উপজেলার সভাপতি ও নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক সৈয়দ মোজাম্মেল হক মাকসুদ। সংবাদ সম্মেলনে তিনি জানান,আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দলীয় নির্দেশ মোতাবেক বরিশাল-৪ এ হাতপাখার প্রার্থী সৈয়দ ইসহাক মোহাম্মদ আবুল খায়ের। আমরা তাঁর জয়ের ব্যাপারে আশাবাদী।আমরা হিজলা উপজেলা নির্বাচন পরিচালনা কমিটির সিদ্ধান্ত ও জেলা কমিটির নির্দেশে হরিনাথ ইউনিয়ন সমন্বয়ক,ছয়গা মাদ্রাসার শিক্ষক মাওঃ মোঃ মুজাম্মেল হক কে দলীয় শৃঙ্খলা পরিপন্থী কাজে সুস্পষ্টভাবে জড়িত থাকার অভিযোগে প্রাথমিক সদস্য পদসহ বহিষ্কার করা হলো।এ সিদ্ধান্ত ০৫ ফেব্রুয়ারি ২০২৬ থেকে কার্যকর করা হলো।

## উপজেলা ছাত্রদলের আহ্বায়ক সেনাবাহিনীর হাতে আটক

**উজিরপুর প্রতিনিধি**

বরিশাল জেলার উজিরপুর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মোঃ মনির সরদার কে (৩৪) গাঁজাসহ আটক করা হয়েছে। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) বিকেলে সেনাবাহিনীর একটি অভিযানে উপজেলার শোলক এলাকা থেকে তাকে আটক করা হয়। সংশ্লিষ্ট সূত্র জানায়, মাদক ও চাঁদাবাজির সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ৬২ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সেনাসদস্যরা এই অভিযান পরিচালনা করেন। উজিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাকিবুল ইসলাম জানান, চাঁদাবাজি ও মাদক ব্যবসার সঙ্গে জড়িত থাকার অভিযোগে মোঃ মনির সরদারকে আটক করা হয়েছে। বৃহস্পতিবার বিকেল চারটার দিকে তাকে উজিরপুর থানায় হস্তান্তর করে সেনাবাহিনী। ৬২ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সেনাবাহিনীর টিম বলেন তাদের এই মিশন অব্যাহত থাকবে। কোনো অপরাধিকে ছাড় দেওয়া হবে না।

## ভোলা-৪ আসনে ধানের শীষের পক্ষে প্রকৌশলীদের গণসংযোগ

**ভোলা প্রতিনিধি**

ভোলা-৪ (চরফ্যাশন-মনপুরা) সংসদীয় আসনে বিএনপি মনোনীত প্রার্থী ও যুবদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোহাম্মদ নূরুল ইসলাম নয়নের সমর্থনে জোরালো গণসংযোগ কর্মসূচি পরিচালনা করেছে পেশাজীবী প্রকৌশলীদের সংগঠন অ্যাসোসিয়েশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (অ্যাব) এর কেন্দ্রীয় নেতৃবৃন্দ। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) সকাল থেকে বিকেল পর্যন্ত চরফ্যাশন উপজেলার বিভিন্ন এলাকায় বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের সঙ্গে মতবিনিময় করেন অ্যাবে'র একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল। আই.ই.বি ঢাকা সেন্টারের সম্মানী সম্পাদক ও অ্যাবে'র সদস্য প্রকৌশলী কে.এম আসাদুজ্জামান চুন্নুর নেতৃত্বে এই প্রতিনিধি দলটি ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে বিস্তৃতভাবে গণসংযোগ চালায়। এ সময় তারা ধানের শীষ প্রতীকের লিফলেট বিতরণ করেন এবং ভোটারদের সঙ্গে সরাসরি কথা বলেন। প্রত্যক্ষদর্শীরা জানান, সাধারণ মানুষের মধ্যে কর্মসূচিকে ঘিরে উল্লেখযোগ্য আগ্রহ ও সাড়া দেখা গেছে। বিশেষ করে তরুণ ভোটার ও স্থানীয় পেশাজীবীদের অনেকেই প্রকৌশলীদের এই উদ্যোগকে ইতিবাচক হিসেবে দেখছেন। গণসংযোগ কার্যক্রমে অর্ধশতাধিক নেতাকর্মী অংশ নেন। তারা স্থানীয় মানুষের সঙ্গে দেশের গণতন্ত্র, ভোটাধিকার এবং নির্বাচনী পরিবেশ নিয়ে কথা বলেন। প্রতিনিধি দলের সদস্যরা জানান, অবাধ ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে জনগণের ঐক্যবদ্ধ অংশগ্রহণ জরুরি। কর্মসূচি চলাকালে অ্যাবে'র সদস্য প্রকৌশলী কে.এম আসাদুজ্জামান চুন্নু বলেন, "গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের ভোটাধিকার প্রতিষ্ঠার জন্য ধানের শীষ প্রতীকের পক্ষে সবাইকে একযোগে কাজ করতে হবে।" পাশাপাশি তারা আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য নির্বাচনে ভোলা-৪ আসনে বিএনপি মনোনীত প্রার্থী মোহাম্মদ নূরুল ইসলাম নয়নকে বিজয়ী করার প্রত্যাশা ব্যক্ত করেন। এই গণসংযোগে অ্যাবে'র কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির সদস্য প্রকৌশলী মোঃ আহসানুল রাসেলসহ অর্ধশতাধিক প্রকৌশলী অংশ নেন। অংশগ্রহণকারীদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন প্রকৌশলী আব্দুস সামাদ রনি, প্রকৌশলী রবিউল আলম উজ্জ্বল, প্রকৌশলী মোঃ নুরুজ্জামান, প্রকৌশলী ইকবাল আব্দুল্লাহ, প্রকৌশলী তৈহিদুর রহমান জুয়েল, প্রকৌশলী আনোয়ার হোসেন শামীম, মোঃ আবু সাঈদ বাদশা, প্রকৌশলী মোঃ মনিরুজ্জামান সোহাগ এবং শাহ মোঃ ছাব্বির। দিনব্যাপী গণসংযোগ শেষে প্রতিনিধি দলটি বিএনপি মনোনীত প্রার্থী মোহাম্মদ নূরুল ইসলাম নয়নের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় তারা নির্বাচনী পরিবেশ, স্থানীয় সমস্যা, অবকাঠামোগত চ্যালেঞ্জ এবং প্রচার কৌশল নিয়ে মতবিনিময় করেন। বিশেষ করে চরফ্যাশন-মনপুরার যোগাযোগ ব্যবস্থা, নদীভাঙন ও উন্নয়ন প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হয়। স্থানীয় রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, প্রকৌশলীদের মতো পেশাজীবী গোষ্ঠীর সরাসরি মাঠপর্যায়ে অংশগ্রহণ ভোলা-৪ আসনের নির্বাচনী রাজনীতিতে নতুন মাত্রা যোগ করেছে। এতে ভোটারদের মধ্যে নির্বাচনী আগ্রহ বাড়তে পারে বলে মনে করছেন তারা।

## শীতলপাটি উপহার পেয়ে মঞ্চেই শুয়ে পড়লেন জামায়াত আমির

**ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠিতে জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় নির্বাচনি জনসভা শেষে ব্যতিক্রমী এক মুহূর্তের সাক্ষী হন উপস্থিত দর্শনার্থীরা। ঐতিহ্যবাহী শীতলপাটি উপহার পেয়ে মঞ্চেই পাটি বিছিয়ে কিছুক্ষণের জন্য শুয়ে পড়েন জামায়াত আমির ডা. শফিকুর রহমান। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) দুপুর ২টার দিকে ঝালকাঠি সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্য দেন ডা. শফিকুর রহমান। বক্তব্য শেষে ঝালকাঠির হিন্দু সম্প্রদায়ের পাটিশিল্পীদের পক্ষ থেকে তাকে একটি শীতলপাটি উপহার দেওয়া হয়। স্থানীয় পাটিশিল্পী অসীম ও সঞ্জীবের নেতৃত্বে শীতলপাটি কারিগররা এ উপহার তুলে দেন। উপহার গ্রহণের পরপরই ডা. শফিকুর রহমান মঞ্চে শীতলপাটি বিছিয়ে কিছুক্ষণের জন্য শুয়ে পড়েন। এসময় উপস্থিত নেতাকর্মী ও সমর্থকরা করতালির মাধ্যমে মুহূর্তটি উপভোগ করেন। পরে শীতলপাটি সঙ্গে নিয়েই মঞ্চ ত্যাগ করেন। পাটিশিল্পীদের সঙ্গে সংক্ষিপ্ত আলাপে জামায়াত আমির ঝালকাঠির ঐতিহ্যবাহী শীতলপাটি শিল্পের প্রশংসা এবং গ্রামীণ ও কুটির শিল্প সংরক্ষণের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। পেয়ারা ও শীতলপাটি ঝালকাঠির ঐতিহ্যবাহী ও ব্র্যান্ড পণ্য হিসেবে পরিচিত। বিশেষ করে শীতলপাটি হিন্দু সম্প্রদায়ের পাটিশিল্পীদের দীর্ঘদিনের শ্রম, দক্ষতা ও সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতীক। আধুনিকতার চাপে এই শিল্প সংকটে পড়লেও এখনও অনেক কারিগর ঐতিহ্য ধরে রাখার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ০৭ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ২৪ মাঘ ১৪৩২

## বাংলাদেশ-জাপান অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি স্বাক্ষরিত

**কীর্তনখোলা ডেস্ক**

বাংলাদেশ ও জাপান 'অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি (ইপিএ)' স্বাক্ষর করেছে। বাংলাদেশ এই প্রথমবারের মতো কোনো দেশের সঙ্গে এমন চুক্তি করলো। এর ফলে সাত হাজার ৩৭৯টি বাংলাদেশি পণ্য জাপানের বাজারে প্রবেশে সম্পূর্ণ ৩ এর পাতায় দেখুন

## পাকিস্তানে মসজিদে আত্মঘাতী বোমা হামলায় ৩১ জন নিহত

**কীর্তনখোলা ডেস্ক**

পাকিস্তানের রাজধানী ইসলামাবাদের একটি শিয়া মসজিদে আত্মঘাতী বোমা হামলায় অন্তত ৩১ জন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও ১৬৯ জন। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) বিস্ফোরণে কেঁপে ওঠে মসজিদটি। ২০২৩ সালে ৩ এর পাতায় দেখুন



## বিএনপি ক্ষমতায় গেলে দেশে অন্যায়-অবিচার থাকবে না: মেজর হাফিজ

**ভোলা প্রতিনিধি**

ভোলা-৩ আসনে বিএনপির সংসদ সদস্য প্রার্থী ও স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ (বীরবিক্রম) বলেছেন, আমরা গত ১৬ বছর একটা গুপ্ত সরকারের কবলে ছিলাম।২০২৪ এর জুলাই-আগস্টে গণ অভ্যুত্থানের তারা দেশ থেকে পালিয়েছে। আগামী ১২ ফেব্রুয়ারিতে আমাকে ধানের শীষে ভোট দিয়ে জয়যুক্ত করলে আমরা এমন একটি বাংলাদেশ গড়বো যেখানে কোন ধরনের মাদক থাকবে না। অন্যায় অবিচার দুর্নীতি থাকবে না। আমরা সবাই মিলে সুখী গণতান্ত্রিক ও সমৃদ্ধ বাংলাদেশ গড়বো। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) বিকেলে ভোলার তজুমদ্দিন উপজেলার শম্ভুপুর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। মেজর হাফিজ ৩ এর পাতায় দেখুন



## তালতলীতে সংঘবদ্ধ ধর্ষণের প্রধান আসামি গ্রেফতার

**বরগুনা প্রতিনিধি**

বরগুনার তালতলী উপজেলায় বিয়ের প্রলোভন দেখিয়ে এক নারীকে সংঘবদ্ধভাবে ধর্ষণের অভিযোগে দায়ের হওয়া মামলার প্রধান আসামিকে গ্রেপ্তার করেছে র‍্যাব। পরে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) সকালে আসামিকে আদালতে হাজির করা হলে বিচারক তাকে জেলহাজতে পাঠানোর আদেশ দেন। মামলার তদন্তের স্বার্থে আসামি আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিতে পারেন ৩ এর পাতায় দেখুন

## নদী ভাঙন রোধ ও স্বাস্থ্যসেবার উন্নয়ন নিশ্চিত করতে চাই: জয়নুল আবেদীন

**বাবুগঞ্জ প্রতিনিধি**

বরিশাল ৩ আসনে বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী এ্যাড. জয়নুল আবেদীনের নির্বাচনী জনসভায় বলেছেন, বাবুগঞ্জ মুলাদী নদী ভাঙ্গন এলাকা ও রাস্তাঘাট বেশ অনুন্নত তাই আমি বিজয়ী হয়ে নদী ভাংঙ্গন রোধ ও রাস্তা ঘাট স্বাস্থ্যসেবার উন্নয়ন নিশ্চিত করতে চাই। গত ১৫ বছর ধরে দেশের জনগণের মুখে ৩ এর পাতায় দেখুন



কোস্টগার্ড মহাপরিচালক

## সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন উপহার দিতে আমরা প্রস্তুত

**ভোলা প্রতিনিধি**

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ করতে কোস্টগার্ড সম্পূর্ণ প্রস্তুত বলে জানিয়েছেন বাহিনীটির মহাপরিচালক রিয়ার অ্যাডমিরাল মো. জিয়াউল হক। তিনি আশা প্রকাশ করেন, সবার সম্মিলিত প্রচেষ্টায় একটি উৎসবমুখর পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হবে। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) বিকেলে ভোলা সদরের মধ্য ইলিশা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। মহাপরিচালক ৩ এর পাতায় দেখুন

## বরিশাল মহানগর ছাত্রলীগের ১৩ নেতাকর্মী খালাস

**কীর্তনখোলা রিপোর্ট**

নিষিদ্ধ সংগঠন বরিশাল মহানগর ছাত্রলীগের সাবেক আহ্বায়ক ও শ্রমিক লীগের বর্তমান সদস্য সচিব রইজ আহমেদ মান্নাসহ ১৩ জনকে খালাস দিয়েছেন আদালত। শুনানি শেষে বরিশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক নুরুন নাজনীন এ খালাসের আদেশ দেন। আসামিদের পক্ষে আদালতে শুনানি করেন অ্যাডভোকেট এসএম আতিকুল ইসলাম রফিক, অ্যাডভোকেট মামুন চৌধুরি, একেএম আমিনুল ইসলাম সেন্টু ও আর্শিব সন্যামত। আদালতের বেঞ্চ সহকারী রেজাউল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন। খালাসপ্রাপ্তরা হলেন- বরিশাল মহানগর ছাত্রলীগের সাবেক আহ্বায়ক রইজ আহমেদ মান্না, তার ৩ এর পাতায় দেখুন



হাদি হত্যার বিচারের দাবিতে বরিশাল নগরীতে মিছিল -কীর্তনখোলা



## সেনাবাহিনীর অভিযানে ছয় জুয়ারী আটক

**বানারীপাড়া প্রতিনিধি**

বরিশালের বানারীপাড়া উপজেলায় সেনাবাহিনীর বিশেষ অভিযানে জুয়া খেলার সময় ৬ জন জুয়ারীকে আটক করা হয়েছে। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) দিবাগত রাতে উপজেলার বিশারকান্দি ইউনিয়নের উমারেরপাড় গ্রামে এ অভিযান পরিচালনা করা হয়। শুক্রবার বিষয়টি নিশ্চিত করে সেনাবাহিনী। জানা গেছে ৩ এর পাতায় দেখুন

## এখনো জাতীয় নির্বাচন নিয়ে শঙ্কায় ফয়জুল করীম


**কীর্তনখোলা রিপোর্ট**

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন নিয়ে এখনো গভীর শঙ্কা প্রকাশ করেছেন বরিশাল-৫ (সদর ও সিটি করপোরেশন) আসনে ইসলামী আন্দোলন বাংলাদেশ মনোনীত প্রার্থী মুফতি সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করীম। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) জুমার নামাজ শেষে নগরীর বিভিন্ন এলাকায় গণসংযোগকালে তিনি এই শঙ্কার কথা জানান। হাতপাখা প্রতীকের এই প্রার্থী বলেন, সাধারণ ভোটারদের মাঝে নির্বাচনের আমেজ থাকলেও সুষ্ঠু ও নিরপেক্ষ পরিবেশ নিয়ে জনমনে প্রশ্ন রয়েছে। তিনি অভিযোগ করেন ৩ এর পাতায় দেখুন

## বরিশাল-১ আসনে ধানের শীষের প্রার্থীকে শোকজ

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল-১ আসনে স্বতন্ত্র প্রার্থী আবদুস সোবহানের নির্বাচনি প্রচারের সময় সমর্থকদের ওপর হামলা ও হুমকির অভিযোগে একই আসনের ধানের শীষের প্রার্থী জহির উদ্দিন স্বপন ও তার ৭ সমর্থককে কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দেওয়া হয়েছে। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) এই আসনের নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটির দায়িত্বপ্রাপ্ত যুগ্ম জেলা ও দায়রা জজ মনিরুজ্জামান তাদের এ নোটিশ দেন। জহির উদ্দিন স্বপন ছাড়া নোটিশ পাওয়া ব্যক্তিরা হলেন-সরিকল গ্রামের মৃত কবির প্যাদার ছেলে বিপ্লব প্যাদা, একই গ্রামের মৃত জাহাঙ্গীর মৃধার ছেলে রুহুল আমিন মৃধা, বার্থী ইউনিয়নের ধুরিয়াইল গ্রামের ইয়াকুব আলী শিকদারের ছেলে সেন্টু শিকদার, ইসমাইল শিকদারের ছেলে মশিউর শিকদার, কিনাই খানের ছেলে ৩ এর পাতায় দেখুন
















প্রধান সম্পাদক: মোঃ ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com